**আল কুরআন**
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
••••••••••••••••••
তিনি যাকে ইচ্ছা নিজের বিশেষ অনুগ্রহ দান করেন। আর আল্লাহ মহা অনুগ্রহশীল।
সূরা আল ইমরান ৭৪



দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ১১ সেপ্টেম্বর ২০২৬ ॥ ২৮ রবিঃ আউঃ ১৪৪৮ ॥ ২৮ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৯৮ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট


অ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫




### দুর্নীতিবাজ যত প্রভাবশালীই হোক, আইনের আওতায় আনতে হবে: রাষ্ট্রপতি

**কীর্তনখোলা ডেস্ক**
দুর্নীতিবাজ যত প্রভাবশালীই হোক না কেন, নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তের মাধ্যমে তাদের আইনের আওতায় আনার জন্য দুর্নীতি ২ এর পাতায় দেখুন



### র‍্যাব বিলুপ্ত করে এসআরবি গঠন এপিবিএনের ক্ষমতা বৃদ্ধি

**কীর্তনখোলা ডেস্ক**
জাতীয় সংসদে সর্বসম্মতিক্রমে (কণ্ঠভোটে) দুটি আইন পাস হয়েছে। এর মাধ্যমে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) ২ এর পাতায় দেখুন



### ড. ইউনূসের গ্রামীণ কল্যাণকে ৬৬৬ কোটি টাকা কর দিতে হবে: হাইকোর্ট

**কীর্তনখোলা ডেস্ক**
অন্তর্বর্তী সরকারের সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের মালিকানাধীন প্রতিষ্ঠান গ্রামীণ কল্যাণকে জাতীয় ২ এর পাতায় দেখুন

### প্রাথমিক শিক্ষকদের পদোন্নতি-বদলি-বেতনে আসছে নীতিমালা

**কীর্তনখোলা ডেস্ক**
সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য 'শিক্ষক নীতিমালা' করা হচ্ছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা ২ এর পাতায় দেখুন

# বরিশালে ভয়াবহ আকারে বিদ্যুৎ ঘাটতি

**কীর্তনখোলা রিপোর্ট**
বরিশালে বিদ্যুৎ ঘাটতি চাহিদার ৫০ শতাংশেরও বেশি অতিক্রম করেছে। বৃহস্পতিবার দিনভরই বরিশাল অঞ্চলে প্রায় ৮০০ মেগাওয়াট চাহিদার বিপরীতে সরবরাহ ছিল ৪০০ মেগাওয়াটেরও নিচে। বুধবার রাত ১০টা থেকে লোডশেডিং ভয়াবহ আকার ধারণ করে। রাত ১২টার পরে ৭৫০ মেগাওয়াট চাহিদার বিপরীতে সরবরাহ ছিল ৩০০ মেগাওয়াটের কিছু বেশি। অসহনীয় এ বিদ্যুৎ ঘাটতির ফলে সরকারি-বেসরকারি হাসপাতালগুলোতে অস্ত্রোপচার পর্যন্ত বন্ধ হয়ে যাচ্ছে। দুঃসহ গরমে হাসপাতালের বেডে রোগীরা কাতরাচ্ছেন। বরিশাল মহানগরসহ এ অঞ্চলের সব পৌর শহরে পানির হাহাকার ক্রমশ মানবিক বিপর্যয়ের দিকে নিয়ে যাচ্ছে। শিল্প ও ব্যবসা-বাণিজ্যের অবস্থাও এখন বর্ণনার বাইরে চলে যাচ্ছে। তবে বরিশাল অঞ্চলে একাধিক বেসরকারি উৎপাদন ইউনিট থেকে জাতীয় গ্রিডে প্রায় সাড়ে ৩ হাজার মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ অব্যাহত ছিল। কিন্তু পিজিসিবির 'সেন্ট্রাল লোড ডেসপাস সেন্টার (সিএলডিসি)' থেকে বরিশাল অঞ্চলের ৮০০ মেগাওয়াট চাহিদার অর্ধেক বিদ্যুৎও দেওয়া সম্ভব হচ্ছে না। ফলে এ অঞ্চলের আর্থ-সামাজিক ব্যবস্থাসহ জনস্বাস্থ্য এবং শিল্প ও ব্যবসা-বাণিজ্যে চরম বিরূপ পরিস্থিতি তৈরি হয়েছে। মধ্যরাতের পরের লোডশেডিংয়ে বরিশাল মহানগরীসহ পুরো দক্ষিণাঞ্চলে দুঃসহ গরমের সাথে ঘুটঘুটে অন্ধকারে এক ভীতিকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। এমনকি আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে জনমনে উদ্বেগের মধ্যেই মধ্যরাতের পরের এ অবর্ণনীয় বিদ্যুৎ ঘাটতিতে পুরো বরিশাল অঞ্চলের নিরাপত্তাসংকট সৃষ্টি হয়ে আতঙ্কের সঞ্চার হচ্ছে। বিদ্যুৎসংকটে বরিশাল সিটি করপোরেশনের পাম্প হাউজগুলোর বেশির ভাগই দিনরাত লোডশেডিংয়ের কবলে থাকায় নগরীতে পানি সরবরাহ পর্যন্ত ভয়াবহ বিপর্যয়ের মুখে পড়েছে। একই পরিস্থিতি এ অঞ্চলের ২৫টি পৌর শহরেরও। পাশাপাশি বৃহস্পতিবারও দিনভরই নজিরবিহীন বিদ্যুৎ ঘাটতির কবলে ছিল মহানগরীসহ পুরো বরিশাল অঞ্চল। ডে-পিক আওয়ারেও প্রায় ৮০০ মেগাওয়াট চাহিদার বিপরীতে দিনের বেশির ভাগ সময়ই বিদ্যুৎ সরবরাহ ৩৫০ থেকে ৪০০ মেগাওয়াটের মধ্যে ওঠানামা করে। ফলে শহর আর গ্রামের প্রতিটি ফিডার ঘণ্টা অন্তর এক ঘণ্টা করে লোডশেডিংয়ের কবলে পড়ছে। এমনকি পরিস্থিতি উত্তরণের আপাতত কোনো পথও দেখছেন না বিদ্যুৎ বিতরণ ও সঞ্চালন কোম্পানিগুলোর দায়িত্বশীল মহল। তবে পিজিসিবি এবং ওজোপাডিকোর প্রকৌশলীদের মতে, সংকট সমাধানের চেষ্টা চলছে। এদিকে মধ্যরাতের পরে গা ছমছমে ঘুটঘুটে অন্ধকারে ইতোমধ্যে বিদ্যুৎ বিতরণ কোম্পানি 'ওজোপাডিকো'র বেশ কিছু ১১/০.৪ কিলোভোল্ট ট্রান্সফরমার খুলে নিয়ে গেছে সংঘবদ্ধ দুর্বৃত্তের দল। বিষয়টি নিয়ে চরম উদ্বেগের মাঝে সাধারণ মানুষসহ খোদ বিদ্যুৎ বিভাগ। এমনকি বরিশাল মহানগরীতে ট্রান্সফরমার চুরি প্রতিরোধে সাধারণ মানুষের সহায়তা চেয়ে মাইকিং পর্যন্ত করেছে বিদ্যুৎ বিভাগ।



## ভারতে ব্রিকস সম্মেলনে যাচ্ছেন না প্রধানমন্ত্রী : হুমায়ুন কবির

**কীর্তনখোলা ডেস্ক**
আগামী সপ্তাহে ভারতে অনুষ্ঠেয় ব্রিকস সম্মেলনে প্রধানমন্ত্রী তারেক রহমান অংশ নিচ্ছেন না বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। তিনি বলেছেন, যে প্রক্রিয়ায় আমন্ত্রণ জানানো হয়েছে তাতে সন্তুষ্ট নয় ঢাকা। তবে ভারতে সরকারপ্রধানের দ্বিপাক্ষিক সফর হতে পারে বলে জানিয়েছেন হুমায়ুন কবির। (বৃহস্পতিবার) ফরেন সার্ভিস একাডেমিতে সাংবাদিকদের তিনি এ কথা জানান। হুমায়ুন কবির বলেন, কীভাবে যাবে? বাংলাদেশ সরকারের কাউকে কি আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানানো হয়েছে? প্রধানমন্ত্রী তারেক রহমানকে বিমসটেকের চেয়ারম্যান হিসেবে ব্রিকসে আমন্ত্রণ জানানো হয়েছে। তাকে প্রধানমন্ত্রী হিসেবে আমন্ত্রণ জানানো হয়নি।

## ইউরোপে বেড়েছে বাংলাদেশিদের আশ্রয় আবেদন

**কীর্তনখোলা ডেস্ক**
ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) বিভিন্ন দেশে চলতি বছরের প্রথমার্ধে আশ্রয় আবেদনের সংখ্যা কমে পাঁচ বছরের মধ্যে সর্বনিম্ন স্থানে নেমে এসেছে। কঠোর অভিবাসন নীতি এবং মূল দেশগুলোর রাজনৈতিক পরিস্থিতির পরিবর্তনের কারণে আবেদনের এই নিম্নমুখী ধারা তৈরি হয়েছে। তবে সামগ্রিক হ্রাসের বিপরীত স্রোতে হেঁটে ইইউতে শীর্ষ আবেদনকারী দেশগুলোর তালিকায় অবস্থান ধরে রেখেছে বাংলাদেশ। ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলামের (ইইউএএ) তথ্য অনুযায়ী, গত বছরের একই সময়ের তুলনায় ২০২৬ সালের প্রথমার্ধে বাংলাদেশি নাগরিকদের আশ্রয়ের আবেদন বেড়েছে ১৩ শতাংশ। বৃহস্পতিবার ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলামের প্রকাশিত এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে।



## শিক্ষার্থীদের মাঝে ৫০ হাজার চারা বিতরণ
# গাছ লাগানোর মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করা সম্ভব: বিভাগীয় কমিশনার

**কীর্তনখোলা রিপোর্ট**
পরিবেশ সুরক্ষা ও সবুজায়নের লক্ষ্যে বরিশাল জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে ৫০ হাজার চারা বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) দুপুরে বরিশাল সদর উপজেলার পপুলার মাধ্যমিক বিদ্যালয় মাঠে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষার্থীদের হাতে এসব চারা তুলে দেওয়া হয়। কর্মসূচির মধ্য দিয়ে শিক্ষার্থীদের মধ্যে বৃক্ষরোপণ ও পরিবেশ সংরক্ষণে সচেতনতা তৈরির পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সবুজায়নের আওতায় আনার উদ্যোগ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশালের বিভাগীয় কমিশনার খলিল আহমেদ। সভাপতিত্ব করেন বরিশালের জেলা প্রশাসক মো. মামুন খন্দকার। প্রধান অতিথির বক্তব্যে বিভাগীয় কমিশনার খলিল আহমেদ বলেন, ''শুধু চারা বিতরণ করলেই হবে না, এসব চারার পরিচর্যা ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে। একটি গাছ বড় হয়ে উঠতে সময় লাগে। তাই শিক্ষার্থীদের নিজেদের গাছের প্রতি দায়িত্বশীল হতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের আঙিনা থেকে শুরু করে বাড়ির আশপাশ ও খালি জায়গায় বেশি বেশি গাছ লাগানোর মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করা সম্ভব।'' তিনি আরও বলেন, ''শিক্ষার্থীরা আগামী দিনের নেতৃত্ব দেবে। তাদের মধ্যে পরিবেশ সম্পর্কে সচেতনতা তৈরি করা গেলে ভবিষ্যতে একটি সবুজ ও বাসযোগ্য সমাজ গড়ে তোলা সহজ হবে। একটি করে গাছ লাগানো মানে শুধু পরিবেশ রক্ষা নয়, ভবিষ্যৎ প্রজন্মের জন্য নিরাপদ পৃথিবী তৈরির দায়িত্ব নেওয়া।'' অনুষ্ঠানের সভাপতি জেলা প্রশাসক মো. মামুন খন্দকার বলেন, ''শিক্ষার্থীদের সম্পৃক্ত করে বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়ন করা হলে এর সুফল দীর্ঘমেয়াদি হবে।'' বিতরণ করা চারাগুলো সঠিকভাবে রোপণ ও পরিচর্যার ওপর গুরুত্ব দেন তিনি। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বরিশাল সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ফরিদা সুলতানা ও সহকারী কমিশনার ২ এর পাতায় দেখুন

## বরিশালে কৃতি শিক্ষার্থীর মাঝে সম্মাননা স্মারক ও সনদ প্রদান

**কীর্তনখোলা রিপোর্ট**
জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে বরিশাল জেলার ১০১ জন মেধাবী ও কৃতি শিক্ষার্থীর মাঝে বিভিন্ন ক্যাটাগরিতে সম্মাননা স্মারক ও সনদ প্রদান করা হয়েছে। জেলা শিক্ষা অফিসের আয়োজনে বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সভাকক্ষে সনদ প্রদান অনুষ্ঠানে জেলা প্রশাসক মো. মামুন খন্দকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, তোমাদের এ সাফল্য ধরে রাখতে নিয়মিত অধ্যবসায় ও শৃঙ্খলার সঙ্গে এগিয়ে যেতে হবে।

# মেঘনার পাড় ধসে ৫ বন্ধু নদীতে নিখোঁজ বিজিবি সদস্যসহ দুজন

**ভোলা প্রতিনিধি**
ভোলা সদর উপজেলায় মেঘনা নদীর পাড় ধসে পাঁচ বন্ধু নদীতে পড়ে যান। এ সময় তিনজন সাঁতরে তীরে উঠতে পারলেও বিজিবি সদস্যসহ দুই যুবক নিখোঁজ রয়েছেন। ঘটনার প্রায় ১৫ ঘণ্টা পরও তাঁদের সন্ধান পাওয়া যায়নি। নিখোঁজ দুজন হলেন–ভোলা শহরের ভদ্রপাড়া এলাকার মো. ইব্রাহিমের ছেলে বিজিবি সদস্য মো. আমজাদ (২৬) এবং সদর উপজেলার শিবপুর ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের মো. বাবুলের ছেলে মো. রাকিব (১৮)। বুধবার (৯ সেপ্টেম্বর) সন্ধ্যার পর সদর উপজেলার শিবপুর ইউনিয়নের ভোলাখাল মাছঘাটসংলগ্ন বালুরমাঠ এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয়ভাবে এলাকাটি 'গরিবের দুবাই' নামে পরিচিত। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) বেলা ১১টা পর্যন্ত নিখোঁজ দুই যুবকের সন্ধান পাওয়া যায়নি। স্থানীয় বাসিন্দারা জানান, বুধবার বিকেল থেকে পাঁচ বন্ধু মেঘনা নদীর পাড়ে বালুভর্তি জিওব্যাগের ওপর বসে আড্ডা দিচ্ছিলেন। হঠাৎ জিওব্যাগসহ নদীর পাড়ের একটি বড় অংশ ধসে পড়লে তাঁরা সবাই পানিতে পড়ে যান। এ সময় তিনজন সাঁতরে তীরে উঠতে সক্ষম হলেও আমজাদ ও রাকিব স্রোতের টানে তলিয়ে যান। নিখোঁজ বিজিবি সদস্য মো. আমজাদের স্বজনেরা জানান, প্রায় দুই মাস আগে ছুটিতে বাড়িতে এসেছিলেন ২ এর পাতায় দেখুন






# বরিশালে ডেঙ্গুতে মৃত্যু বেড়ে ১২ মশা নিধনে পরিচ্ছন্নতা অভিযান

**কীর্তনখোলা রিপোর্ট**
বরিশালে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও একজনের মৃত্যু হয়ছে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ঝালকাঠি জেলার পোনাবালিয়া এলাকার কাদের আকনের ছেলে কবির হোসাইনের (৩৫) মৃত্যু হয়। এ নিয়ে বরিশাল বিভাগে ডেঙ্গুতে ১২ জনের মৃত্যু হয়েছে; যার মধ্যে ১০ জনেরই মৃত্যু হয়েছে শেবাচিম হাসপাতালে। ডেঙ্গুতে মারা যাওয়া অধিকাংশ ঝালকাঠি ও পিরোজপুরের বাসিন্দা বলে জানিয়েছেন বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. মো. রেফায়েতুল হায়দার। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয়ের তথ্য অনুযায়ী- বিভাগে চলতি বছরে এপর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়েছে ৭ হাজার ৮৮০ জন। এর মধ্যে পিরোজপুর জেলায় ২ হাজার ৮৬, বরগুনায় ১ হাজার ৮০, ঝালকাঠিতে ১ হাজার ৮২৪, বরিশাল জেলায় ৮১৬ জন, পটুয়াখালীতে ৭৬০ জন ও ভোলায় ৪৪৬ জন আক্রান্ত হয়েছে। বর্তমাসে বরিশাল শের ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ১২৪ জন রেগী ভর্তি রয়েছে। আর বিভাগের জয় জেলার সরকারি ২ এর পাতায় দেখুন



## জেলার শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত হলেন অধ্যক্ষ তাজুল ইসলাম

**আজিজুল হাকিম সামি, বিএম কলেজ**
জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উপলক্ষে বরিশাল জেলা পর্যায়ে শ্রেষ্ঠ অধ্যক্ষ (কলেজ পর্যায়) নির্বাচিত হয়েছেন সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মোঃ তাজুল ইসলাম। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তাঁর হাতে এই সম্মাননা স্মারক ও সনদ তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জেলা প্রশাসক মোঃ মামুন খন্দকার এই সম্মাননা প্রদান করেন। জেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আঃ জব্বারের সভাপতিত্বে অনুষ্ঠানে জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। সম্মাননা গ্রহণের অনুভূতি ব্যাক্ত করে অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মোঃ তাজুল ইসলাম বলেন, "জেলা পর্যায়ে শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত হওয়া অত্যন্ত আনন্দ ও গৌরবের। এ স্বীকৃতি শুধু আমার একার নয়, এটি পুরো বিএম কলেজ পরিবারের অর্জন।" এই গৌরবময় সম্মাননা তিনি বিএম কলেজের সকল শিক্ষার্থীর প্রতি উৎসর্গ করেন। তিনি আরও বলেন, "আমার এই অর্জন থেকে অনুপ্রাণিত হয়ে শিক্ষার্থীরা আগামী দিনে নিজেদের সুনাগরিক হিসেবে ২ এর পাতায় দেখুন


শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
**অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা**

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
**বাংলা ব্যাকরণ ও নির্মিতি**
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেনঃ বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
**পথিক মোস্তফা** (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুনঃ
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল

**বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে**

| | | | |
|---|---|---|---|
| বুক ভিলা<br>সদর রোড, বরিশাল<br>01932-314219 | ইসলামিয়া লাইব্রেরি<br>প্যারারারোড, সদর রোড, বরিশাল<br>01711-264963 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868515 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868514 |
| খন্দকার লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01711-047767 | নিউ মাহবুব লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01763-107720 | রহমান বুক হাউজ<br>প্যারারারোড, সদর রোড, বরিশাল<br>01718-670945 | মজুমদার লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল<br>01716-139268 |
| অমৃত লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল<br>01719-408049 | নিউ কলেজ লাইব্রেরি<br>বি.এম কলেজের সামনে<br>01726-074663 | হক লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে<br>01724-851658 | আশরাফিয়া লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেট<br>01717-488083 |



দৈনিক
**কীর্তনখোলা**
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

**প্রতিনিধি আবশ্যক**

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## মাদক চক্রে নারীদের সম্পৃক্ততা

সাম্প্রতিক সময়ে নিরাপত্তা বাহিনীর বিভিন্ন অভিযানে মাদক কারবার, চোরাচালান এবং বিপণনের মতো গুরুতর অপরাধের সঙ্গে নারীদের সম্পৃক্ত থাকার খবর পাওয়া গেছে, যা অত্যন্ত উদ্বেগের। একসময় মাদক কারবারে নারীদের উপস্থিতি চিন্তাই করা যেত না, সেখানে এখন মাদক সিন্ডিকেটের মূল হোতা, এমনকি নারীদের বিশাল নেটওয়ার্ক গড়ে তোলার অভিযোগও পাওয়া যাচ্ছে। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, গাজীপুর জেলার মাদক কারবার নিয়ন্ত্রণ করছেন আটজন নারী। বরিশাল বিভাগে নারী কারবারি আগের চেয়ে বেড়েছে তিন গুণের বেশি। চট্টগ্রাম ও নারায়ণগঞ্জেও মাদক চক্রে জড়িয়ে পড়েছেন নারীরা। সারা দেশেই মাদকের বিস্তার নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে। শহর থেকে গ্রামাঞ্চল–সর্বত্র সহজেই মিলছে প্রাণঘাতী সব মাদক। বিশেষ করে তরুণ প্রজন্ম মাদকের দিকে ঝুঁকে পড়ছে। রাজধানীসহ অনেক শহরেই প্রকাশ্যেই চলছে মাদক বেচাকেনা। খবরে বলা হয়েছে, গাজীপুরের টঙ্গীতে হাজীর মাজার, ব্যাংক মাঠ, কেরানীরটেক, এরশাদনগরসহ সেখানকার বস্তিগুলো দেশের অন্যতম মাদকের হাট হয়ে উঠেছে। এসব এলাকায় বস্তির খুপরিতে প্রতিদিন বড় অঙ্কের মাদক বেচাকেনা হয়। জানা গেছে, এই বিশাল মাদক সাম্রাজ্যের নিয়ন্ত্রণ পাঁচ নারীর হাতে। এসব নারী প্রথমে গাঁজা দিয়ে কারবার শুরু করলেও এখন ফেনসিডিল, ইয়াবাসহ নানা ধরনের মাদক নিয়েই তাঁদের কারবার। প্রতিবেদনে বেশ কয়েকজনের নাম-পরিচয় তুলে ধরা হয়েছে। জানা গেছে, মাদক কারবার করে তাঁরা অঢেল সম্পদ বানিয়েছেন। তবে কোটি টাকার বিলাসবহুল বাড়ির মালিক হওয়ার পরও এখনো বস্তির আস্তানা ছাড়েননি। এসব নারী মাদক কারবারির বিরুদ্ধে অনেক মামলা রয়েছে। এমনকি গ্রেপ্তারও হয়েছেন বেশ কয়েকবার। সবচেয়ে হতাশার বিষয় হলো, আইনের ফাঁক গলে বেরিয়ে এসে আবারও একই কাজে জড়িয়ে পড়েন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয়ের তথ্য মতে, ২০২৪ সালে বরিশাল বিভাগে চিহ্নিত নারী মাদক কারবারি ছিলেন মাত্র ১৬ জন। তবে এক বছরের ব্যবধানে ২০২৫ সালে বরিশাল বিভাগে মাদক কারবারির সংখ্যা তিন গুণেরও বেশি বেড়ে দাঁড়িয়েছে ৫০। এর মধ্যে সবচেয়ে বেশি বরিশালে ৩৮ জন। শুধু গাজীপুর, বরিশালই নয়, খোঁজ নিলে দেখা যাবে, দেশের আরো অনেক জায়গায়ই এমন অবস্থা দাঁড়িয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বরিশাল জেলা কার্যালয়ের উপপরিচালক তানভীর হোসেন খান বলেন, 'এই নারী মাদক কারবারিরা বরিশালে চিহ্নিত। তাঁদের প্রত্যেকের বিরুদ্ধে অনেকগুলো মামলা রয়েছে।' পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির সম্প্রতি বলেছেন, মাদক ও ছিনতাইয়ের বিরুদ্ধে অভিযান চালিয়ে অনেক অপরাধীকে একাধিকবার আইনের আওতায় আনা হলেও বিভিন্ন সীমাবদ্ধতার কারণে তাদের দীর্ঘদিন আটক রাখা যায় না। দেখা যাচ্ছে, মাদকের হটস্পট এবং মাদকের মূল হোতা–কোনোটিই আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর অজানা নয়। বলা হচ্ছে, অভিযানও চালানো হচ্ছে। সংগত কারণে প্রশ্ন আসে, তাহলে সমাজে মাদকের এত বিস্তার হলো কী করে? সরকার বলছে, মাদক ও চাঁদাবাজির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি প্রয়োগ করা হবে। আমরাও মনে করি, সমাজ থেকে মাদক নির্মূল করতে হলে কঠোর পদক্ষেপ নিতে হবে। বিশেষ করে যেসব মাদক কারবারি চিহ্নিত, তাঁদের বিরুদ্ধে এমন ব্যবস্থা নিতে হবে, যেন তাঁরা পুনরায় এই কাজে না জড়াতে পারেন। এ ক্ষেত্রে প্রচলিত আইনের সংশোধন প্রয়োজন আছে কি না, সেটিও ভাবার দরকার আছে।

## প্রাথমিক শিক্ষকদের

প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। একই সঙ্গে মাঠপর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্যও প্রশাসনিক নীতিমালা করা হবে বলে জানান তিনি। গণশিক্ষা প্রতিমন্ত্রী বলেন, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও মাঠপর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য যথাক্রমে সমন্বিত শিক্ষক নীতিমালা ও প্রশাসনিক নীতিমালা প্রণয়ন করা হচ্ছে। নীতিমালায় তাদের পদোন্নতি, বদলি, বেতন-স্কেলসহ চাকরিসংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়গুলো সুস্পষ্টভাবে উল্লেখ থাকবে। এর মাধ্যমে প্রাথমিক শিক্ষাব্যবস্থায় মানবসম্পদ ব্যবস্থাপনায় স্বচ্ছতা, শৃঙ্খলা ও জবাবদিহিতা আরও সুসংহত হবে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) ঢাকা পিটিআইয়ে আয়োজিত 'জবাবদিহিতা, কার্যকর বিদ্যালয় নেতৃত্ব, দলগত সমন্বয় ও স্থানীয় জনগোষ্ঠীর সক্রিয় অংশগ্রহণ' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রাথমিক শিক্ষাব্যবস্থাকে কোনোভাবে জবাবদিহিতার বাইরে রাখা হবে না উল্লেখ করে ববি হাজ্জাজ বলেন, গণতান্ত্রিক সরকার ব্যবস্থায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থার প্রতিটি স্তরে সর্বোচ্চ পর্যায় পর্যন্ত জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। প্রাথমিক শিক্ষার ভিত্তি শক্তিশালী করা গেলে দেশের সামগ্রিক শিক্ষাব্যবস্থার অধিকাংশ সমস্যার সমাধান করা সম্ভব।

## ড. ইউনূসের গ্রামীণ কল্যাণকে

রাজস্ব বোর্ডের (এনবিআর) দাবি করা ৬৬৬ কোটি টাকা কর পরিশোধ করতে হবে বলে রায় দিয়েছেন হাইকোর্ট। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) জারি করা রুল খারিজ করে হাইকোর্টের বিচারপতি মো. মজিবুর রহমান মিয়া ও বিচারপতি রেজাউল করিমের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রায় ঘোষণা করেন। বিষয়টি নিশ্চিত করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট জামিউল হক ফয়সাল। তবে ড. মুহাম্মদ ইউনূসের আইনজীবী ব্যারিস্টার আবদুল্লাহ আল মামুন বলেন, 'আমরা এ রায়ের বিরুদ্ধে আপিল আবেদন করবো।' আদালতে রিটের পক্ষে ছিলেন সিনিয়র আইনজীবী ফিদা এম কামাল, ব্যারিস্টার আবদুল্লাহ আল মামুন ও ব্যারিস্টার খাজা তানভীর আহমেদ। অন্যদিকে, রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল আবদুস সামাদ আজাদ ও ডেপুটি অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট জামিউল হক ফয়সাল। ডেপুটি অ্যাটর্নি জেনারেল আবদুস সামাদ আজাদ সাংবাদিকদের জানান, পাঁচ করবর্ষের বিপরীতে ৬৬৬ কোটি টাকার বেশি কর প্রদেয় সংক্রান্ত এনবিআরের দাবির বৈধতা নিয়ে গ্রামীণ কল্যাণের করা পৃথক রিট খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে এ বিষয়ে জারি করা রুলও খারিজ (ডিসচার্জ) করে দিয়েছেন আদালত। রাষ্ট্রপক্ষের আইনজীবী ডেপুটি অ্যাটর্নি জেনারেল আবদুস সামাদ আজাদ সাংবাদিকদের বলেন, রায়ের সত্যায়িত অনুলিপি পাওয়ার পর এনবিআর ২০১২-১৩ থেকে ২০১৬-১৭ করবর্ষের জন্য গ্রামীণ কল্যাণের কাছে ৬৬৬ কোটি টাকারও বেশি আয়কর চেয়ে নোটিশ জারি করবে।

## র‍্যাব বিলুপ্ত করে

বিলুপ্ত করে নতুন 'স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)' গঠন করা হয়েছে এবং আর্মড পুলিশ ব্যাটালিয়নের (এপিবিএন) তদন্তের পরিধি সম্প্রসারিত করা হয়েছে। অবশ্য বিরোধীদলীয় সংসদ সদস্যরা (এমপি) এই পদক্ষেপের তীব্র বিরোধিতা করে সতর্ক করেছেন যে, নতুন এই বাহিনী কার্যত ভিন্ন নামে র‍্যাবেরই রূপ নিতে পারে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) জাতীয় সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বিল দুটি সংসদে উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। এর আগে ৩ সেপ্টেম্বর বিল দুটি সংসদে তোলা হয়েছিল এবং পরবর্তীতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পর্যালোচনার জন্য পাঠানো হয়। কমিটির প্রতিবেদনে বিরোধীদলের সদস্যদের আপত্তির কথা (নোট অব ডিসেন্ট) অন্তর্ভুক্ত ছিল। বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান র?্যাব বিলুপ্ত করে এসআরবি গঠনের পদক্ষেপের বিরোধিতা করে বলেন, নতুন নামে একই ধরনের বাহিনী তৈরি করা জনগণ কিংবা আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রত্যাশা পূরণ করবে না। স্থায়ী কমিটির বিরোধীদলীয় সদস্যরা সাতটি প্রধান আপত্তি তুলে ধরে যুক্তি দেন যে, বিলে প্রথমে র‍্যাব বিলুপ্ত করে আলাদাভাবে নতুন বাহিনী গঠনের স্পষ্ট বিধান রাখা হয়নি। উল্টো বিলে ধারা ২৭(৩) অনুযায়ী–র‍্যাবের জনবল, স্থাপনা, ক্ষমতা, নথিপত্র, সম্পত্তি, চুক্তি এবং দায়দেনা সরাসরি এসআরবি-তে স্থানান্তরের সুযোগ রাখা হয়েছে। তারা সতর্ক করে বলেন, এসআরবির বিধিমালা, তদারকি ও পরিচালন প্রক্রিয়ায় আমূল পরিবর্তন না আনলে বিদেশি সরকারগুলো এটিকে র‍্যাবেরই রূপান্তর হিসেবে দেখতে পারে, যা বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করতে পারে।

## দুর্নীতিবাজ যত প্রভাবশালীই

দমন কমিশনের (দুদক) প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার দুপুরে বঙ্গভবনে দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান বিচারপতি এ কে এম আসাদুজ্জামানের নেতৃত্বে একটি প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎকালে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। প্রতিনিধিদলের অন্য সদস্যদের মধ্যে ছিলেন কমিশনার (তদন্ত) ড. জাহাঙ্গীর আলম খান, কমিশনার (অনুসন্ধান) ড. সাজ্জাদ হোসেন ভূইয়া এবং সচিব সাইদুর রহমান খান। সাক্ষাৎকালে দুদক চেয়ারম্যান কমিশনের সার্বিক কার্যক্রম, চলমান বিভিন্ন উদ্যোগ এবং দায়িত্ব পালনের ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও চ্যালেঞ্জ সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। তিনি দুর্নীতি দমনে কমিশনের কার্যক্রম আরও কার্যকর করতে রাষ্ট্রপতির সহযোগিতা কামনা করেন। রাষ্ট্রপতি বলেন, দীর্ঘদিনের অপশাসন, অনিয়ম ও জবাবদিহিতার অভাবে দুর্নীতি বর্তমানে বাংলাদেশের অন্যতম প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন, দুর্নীতি দমন ও নিয়ন্ত্রণের ওপর নির্ভর করছে জাতির অগ্রগতি ও উজ্জ্বল ভবিষ্যত। দুদককে সততা ও সাহসের সঙ্গে দুর্নীতি দমনে কাজ করে যেতে হবে।

## জেলার শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত

গড়ে তুলবে এটাই প্রত্যাশা।" আগামী শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষ ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠে দেশ ও জাতির সেবায় শিক্ষার্থীরা আত্মনিয়োগ করবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি। উল্লেখ্য, প্রফেসর ড. শেখ মোঃ তাজুল ইসলাম এর আগে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক এবং বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত হয়েছিলেন। টানা দ্বিতীয়বারের মতো জেলা পর্যায়ে শ্রেষ্ঠ অধ্যক্ষ নির্বাচিত হওয়ায় বিএম কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের মাঝে আনন্দ ও উদ্দীপনা বিরাজ করছে। এছাড়াও এ বছর জাতীয় শিক্ষা সপ্তাহে বিভিন্ন ক্যাটাগরিতে বিএম কলেজের জয়জয়কার হয়েছে : কলেজ পর্যায়ে শ্রেষ্ঠ কলেজ নির্বাচিত হয়েছে সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ। শ্রেষ্ঠ বিএনসিসি গ্রুপ নির্বাচিত হয়েছে, সরকারি বিএম কলেজ বিএনসিসি প্লাটুন। শ্রেষ্ঠ বিএনসিসি শিক্ষক নির্বাচিত হয়েছেন, এ এইচ এম মিজানুর রহমান (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ)। শ্রেষ্ঠ বিএনসিসি ক্যাডেট নির্বাচিত হয়েছে, জান্নাতি আক্তার। শ্রেষ্ঠ রোভার স্কাউট গ্রুপ নির্বাচিত হয়েছে, সরকারি বিএম কলেজ রোভার স্কাউট গ্রুপ। শ্রেষ্ঠ রোভার স্কাউট শিক্ষক নির্বাচিত হয়েছে, মনোজ হালদার (সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান বিভাগ)। শ্রেষ্ঠ রোভার স্কাউট নির্বাচিত হয়েছে, রবিন চন্দ্র মজুমদার।

## বরিশালে ডেঙ্গুতে মৃত্যু বেড়ে

হাসপাতালগুলোতে চিকিৎসাধীণ রয়েছেন মোট ৪৯১ জন ডেঙ্গু আক্রান্ত রোগী। এদিকে, ডেঙ্গু মোকাবিলায় বৃহস্পতিবার সকাল ১১ টায় বিশেষ পরিচ্ছন্নতা ও ডেঙ্গু প্রতিরোধ অভিযান পরিচালনা করেছে বরিশাল সিটি করপোরেশন। এ সময় উপস্থিত ছিলেন সিটি করপোরেশনের সচিব রুম্পা শিকদার, নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. রায়হান উজ জামান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আবুল বাশার, নির্বাহী প্রকৌশলী মো. মকসুমুল হাকিম রেজা, গণ সংযোগ কর্মকর্তা আহসান উদ্দিন রোমেল প্রমুখ। অভিযানকালে নগরীর বিভিন্ন ড্রেন, ঝোপঝাড় পরিষ্কার করার পাশাপাশি মশা নিধনে ফগার মেশিন দিয়ে ওষুধ ছিটানো হয়। এসময় পরিচ্ছন্ন নগরী গড়তে এবং ডেঙ্গু প্রতিরোধে নগরবাসীকেও সচেতন হওয়ার আহ্বান জানান সংশ্লিষ্ট কর্মকর্তারা।

## গাছ লাগানোর মাধ্যমে পরিবেশের

(ভূমি) আজারুল ইসলামসহ সংশ্লিষ্টরা। চারা বিতরণের সময় শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা যায়। আয়োজকরা জানান, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সম্পৃক্ত করে বৃক্ষরোপণের মাধ্যমে বরিশালকে আরও সবুজ ও পরিবেশবান্ধব করে তোলাই এ ধরনের কর্মসূচির মূল লক্ষ্য।

## মেঘনার পাড় ধসে ৫ বন্ধু নদীতে

আমজাদ। আগামী সপ্তাহে তাঁর কর্মস্থলে ফিরে যাওয়ার কথা ছিল। বুধবার বিকেলে বন্ধুদের সঙ্গে নদীর পাড়ে ঘুরতে যান তিনি। সন্ধ্যার দিকে নদীতে পড়ে নিখোঁজ হওয়ার খবর পেয়ে স্বজনেরা ঘটনাস্থলে ছুটে যান। তবে এখনো তাঁর সন্ধান মেলেনি। নিখোঁজ রাকিবের স্বজনেরা জানান, বিকেলে বন্ধুদের সঙ্গে নদীর পাড়ে আড্ডা দিতে গিয়ে পাড় ধসে রাকিব নদীতে পড়ে যান। পাঁচজনের মধ্যে তিনজন উদ্ধার হলেও রাকিবসহ দুজনের সন্ধান পাওয়া যাচ্ছে না। খবর পেয়ে রাত ১০টার পর কোস্ট গার্ড, নৌ পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে কিছুক্ষণ উদ্ধার অভিযান চালান। পরে বৃহস্পতিবার সকাল থেকে আবারও উদ্ধার অভিযান শুরু হয়। শিবপুর ইউনিয়নের গ্রাম পুলিশ মো. মনজুর আলম বলেন, সন্ধ্যার পর পাঁচ বন্ধু নদীর পাড়ে বসে আড্ডা দিচ্ছিলেন। হঠাৎ পাড় ধসে তাঁরা সবাই নদীতে পড়ে যান। তিনজন সাঁতরে তীরে উঠতে পারলেও তীব্র স্রোতে দুজন তলিয়ে যান। খবর পেয়ে তিনি সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে বিষয়টি জানান। ভোলা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সজল চন্দ্র ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার দিকে জানান, খবর পেয়ে বুধবার রাত ১টার দিকে তাঁরা ঘটনাস্থল পরিদর্শন করেন এবং স্থানীয়দের সঙ্গে কথা বলেন। ঘটনা ঘটার পরপরই কোস্ট গার্ড ও ফায়ার সার্ভিসকে জানানো হয়। তাঁরা জানান, ভোলায় ফায়ার সার্ভিসের ডুবুরি দল না থাকায় তাৎক্ষণিকভাবে উদ্ধার অভিযান শুরু করা সম্ভব হয়নি। তবে কোস্ট গার্ডের ডুবুরি দল রাতে কিছু সময় উদ্ধার অভিযান চালায়। পরে ভোরের দিকে আবারও অভিযান শুরু হয়। বৃহস্পতিবার সকালে বরিশাল থেকে আসা ফায়ার সার্ভিসের ডুবুরি দলের সঙ্গে কোস্ট গার্ডের ডুবুরি দল মিলে নদীতে উদ্ধার অভিযান পরিচালনা করছে। তবে এখনো নিখোঁজ দুই যুবকের সন্ধান পাওয়া যায়নি।

## গৌরনদীতে শিক্ষার্থীদের নিয়ে

মোবাইল ফোনের অপব্যবহার, অনলাইন সাইবার প্রতারণা, অনলাইন জুয়া, নারী নির্যাতন, কিশোর গ্যাং প্রতিরোধসহ বিভিন্ন সামাজিক অপরাধ সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করা হয়। ওসি মো. তারিক হাসান রাসেল শিক্ষার্থীদের আইন মেনে চলা, অপরাধ থেকে দূরে থাকা এবং যেকোনো অনিয়ম বা অপরাধের বিষয়ে পরিবার, শিক্ষক ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করার আহ্বান জানান। সভায় বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

## সরকারি খাল ভরাট করে

করে দীর্ঘদিন ধরে ভোগদখল করা হচ্ছে। স্থানীয়দের দাবি, খালটি দখলমুক্ত করে পুনঃখনন করা হলে জোয়ার-ভাটার পানি স্বাভাবিকভাবে চলাচল করতে পারবে। এতে কৃষিজমিতে পানি নিষ্কাশন ও চাষাবাদে সুবিধা হবে এবং কৃষিনির্ভর মানুষ উপকৃত হবেন। ইউএনও রিফাত আরা মৌরি বলেন, 'স্থানীয়দের অভিযোগের ভিত্তিতে সরেজমিনে তদন্ত করে ঘটনার সত্যতা পাওয়া গেছে। ভরাটের কারণে বর্তমানে খালের স্বাভাবিক আকৃতিও নেই। আপাতত পরিমাপ করে খালের সীমানা নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে করণীয় সম্পর্কে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে নির্দেশনা চাওয়া হবে। কর্তৃপক্ষ যে নির্দেশনা দেবে, সে অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।' সরেজমিন তদন্ত শেষে পরিমাপ করে খালের সীমানা নির্ধারণ করা হয়। এ সময় ইউএনওর সঙ্গে ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. শামীম রেজা সজিব।

## বরিশালে ব্যাটারিচালিত যানবাহন

ব্যাটারিচালিত যানবাহন উচ্ছেদ করা হলে বিপুলসংখ্যক চালক ও শ্রমিক কর্মহীন হয়ে পড়বেন। সমাবেশে বিভিন্ন দাবিসংবলিত ব্যানার ও প্ল্যাকার্ড প্রদর্শন করা হয়। পরে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেয়ার ঘোষণা দেয়া হয়।

## চরফ্যাশনে গায়েবী উপাধ্যক্ষ

কর্তৃপক্ষকে অবহিত না করে গোপন ভাবে দক্ষিণ চর আইচা রাব্বানীয়া আলীম মাদ্রাসায় উপাধ্যক্ষ পদে এমপিওভুক্ত হন।বিষয়টি মাদরাসার অধ্যক্ষ ধামাচাপা দিলেও ১০ সেপ্টেম্বর বিষয়টি চাউর হলে মাদরাসার শিক্ষক/কর্মচারী ও কমিটির মধ্যে ধুম্রজাল সৃষ্টি হয়। মাদ্রাসার সিনিয়র শিক্ষক আব্দুস সহিদ জানান, আমাদের মাদ্রাসার অধ্যক্ষ জনৈক মোঃ জাকির হোসেন কে আমাদের উপাধ্যক্ষ হিসেবে সকল শিক্ষক/কর্মচারীর সামনে পরিচয় করিয়ে দিতেই শিক্ষক/কর্মচারীদের তোপের মুখে পরেন অধ্যক্ষ আবুল বাশার হেলালী। শিক্ষক কর্মচারীরা উপাধ্যক্ষ'র নিয়োগ সংক্রান্ত বিষয়ে জানতে চাইলে অধ্যক্ষ জানান, উপাধ্যক্ষ সাহেবকে সরাসরি এনটিআরসিএ কর্তৃপক্ষ নিয়োগ দিয়েছে। ওই মাদরাসায় প্রেরনের পর তিনি বিষয়টি নিশ্চিত হলে বিলম্ব হওয়ার কারনে ৩ মাস পর তাকে মাদরাসায় যোগদান করিয়েছেন।। গায়েবীভাবে এমপিওভুক্ত হওয়া জাকির হোসেনের নিয়োগ কিভাবে হয়েছে জানতে চাইলে তিনি জানান, তার কাছে নিয়োগ সংক্রান্ত কোন কাগজ নাই। মাদরাসার অধ্যক্ষ তাকে কোন কাগজ না দেওয়ার কারনে তার নিয়োগ কার মাধ্যমে হয়েছে সেটা তিনি জানেন না। মাদরাসাটির অধ্যক্ষ আবুল বশার হেলালি জানান, বিধি মোতাবেক তাকে নিয়োগ দেওয়া হয়েছে। তবে কমিটি না এনটিআরসিএ নিয়োগ দিয়েছে সে বিষয়ে তিনি কোন কথা বলেন নি। পাশাপাশি ১৫ লক্ষ টাকা উৎকোচ গ্রহনের বিষয়টি ও তিনি এরিয়ে যান। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর একেএম আবুল খায়ের জানান, আমি ওই মাদ্রাসার কোন নিয়োগ বোর্ডের সদস্য ছিলাম না এবং এনটিআরসিএ কর্তৃপক্ষ কোন নিয়োগ দেয়নি। মাদ্রাসার প্রধান জাল জালিয়াতি করে থাকলে মাদ্রাসা অধিদপ্তর তদন্তপূর্বক ব্যবস্থা নেবে। বেসরকারি শিক্ষক নিয়োগ ও প্রত্যয়ন কর্তৃপক্ষ এনটিআরসিএ'র সচিব তাসনিম জোবিন বিনতে শেখ জানান, তারা কোথাও কোন অধ্যক্ষ বা উপাধ্যক্ষ নিয়োগ দেননি। তারা মাত্র লিখিত পরিক্ষা নিয়েছেন। মৌখিক পরিক্ষার তারিখ হয়নি। মৌখিক পরিক্ষা হলে পরবর্তীতে মন্ত্রণালযের সিদ্ধান্তের আলোকে নিয়োগ হবে। মাদ্রাসা অধিদপ্তরের সহকারি পরিচালক অর্থ ও এমপিও যাচাই এবং অনুমোদন কমিটির সদস্য সচিব মোঃ শুকুর আলম মজুমদার জানান, বিষয়টি আমি অবহিত হয়েছি তদন্তপূর্বক অতি দ্রুত ব্যবস্থা নেব। মাদ্রাসা অধিদপ্তরের আইন শাখার সহকারি পরিচালক ইসমাইল হোসেন জানান, এই জালিয়াতির বিষয়টি আমরা অবহিত হয়েছি। অতি দ্রুত তদন্তপূর্বক জালিয়াতি মুল হোতার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

## ভাঙ্গারি ব্যবসায়ীকে জিম্মি করে টাকা

পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের ওভারব্রিজ এলাকায় আসেন। সেখানে পৌঁছে মোবাইল ফোনে সুমনের সঙ্গে যোগাযোগ করলে তিনি ব্যস্ত থাকার কথা জানিয়ে সাগর নামের এক ব্যক্তিকে তার কাছে পাঠান। পরে সাগর গোডাউনে নিয়ে যাওয়ার কথা বলে তাকে উপজেলার ৫নম্বর ধাওয়া ইউনিয়নের 'গোড়াখাল' নামের একটি নির্জন স্থানে নিয়ে যান বলে অভিযোগ করেন। সেখানে যাওয়ার পর পরিস্থিতি সন্দেহজনক মনে হলে তিনি বিপদের আশঙ্কা করেন। এক পর্যায়ে ধাওয়া গোড়াখালের একটি সাইক্লোন শেল্টারের কাছে মোটরসাইকেল থেকে লাফ দিয়ে পালানোর চেষ্টা করেন তিনি। এ সময় আগে থেকেই সেখানে অবস্থান করা ৫ নম্বর ধাওয়া ইউনিয়ন বিএনপির ৩ নম্বর যুগ্ম সাধারণ সম্পাদক আসাদুজ্জামান পলাশ কাজী, সাবেক ভাণ্ডারিয়া উপজেলা বিএনপির সদস্য মশিউর রহমান টিটু হাওলাদার, ধাওয়া ইউনিয়ন যুবদল নেতা মো. রুবেল হাওলাদার, ধাওয়া ইউনিয়ন যুবদল নেতা মো. সোহাগ মৃধা, মো. সোহাগ হাওলাদারসহ বেশ কয়েক জনে তাকে ঘিরে ফেলেন। এসময় স্থানীয়দের কাছে সাহায্য চাইলে তাকে মারধর করে মোটরসাইকেলের চাবি নিয়ে মশিউর রহমান টিটুর বাড়িতে নিয়ে যাওয়া হয় এবং সেখানে তাকে আটকে রেখে পাঁচ লাখ টাকা দাবি করা হয় এবং মারধর করা হয় বলে অভিযোগ করেন আছাদুল । আছাদুলের দাবি,তাকে জিম্মি করে ভয়ভীতি প্রদর্শন করে তার মোবাইল ফোন, মানিব্যাগ, পাঁচটি ব্যাংক চেক, দুটি এটিএম কার্ড, জাতীয় পরিচয়পত্র ও নগদ ২২ হাজার টাকা নিয়ে নেওয়া হয়। এ ছাড়া বিকাশ থেকে ২ হাজার ২০০ টাকা এবং নগদ থেকে ২ হাজার ৪০০ টাকা নেওয়া হয় বলে অভিযোগ করেন তিনি। পরে জোরপূর্বক সিটি ব্যাংকের এটিএম কার্ডের পিন নম্বর আদায় করে এটিএম বুথ থেকে ১ লাখ ১০ হাজার টাকা উত্তোলন এবং মোবাইল ব্যাংকিং অ্যাপের মাধ্যমে আল-আরাফাহ ইসলামী ব্যাংকের একটি হিসাবে ১ লাখ ৮৭ হাজার টাকা স্থানান্তর করা হয়। সব মিলিয়ে ৩ লাখ ২৩ হাজার ৬০০ টাকা আত্মসাৎ করা হয়েছে বলে দাবি করেন আছাদুল । এ ঘটনার পর মুক্ত হয়ে আছাদুল প্রথমে স্থানীয় থানায় বিষয়টি জানান। পরে তিনি পিরোজপুরের পুলিশ সুপার ও স্থানীয় সংসদ সদস্যের কাছে লিখিত অভিযোগ করেন বলেও উল্ল্যেখ করেন। পরবর্তীতে এ ঘটনায় ভাণ্ডারিয়া থানায় অজ্ঞাতনামাদের আসামি করে একটি প্রতারণা মামলা দায়ের করা হয়। এ ব্যাপারে অভিযুক্তরা আত্মগোপনে থাকায় তাদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তাদের পাওয়া যায়নি। এদিকে বিষয়ে ভাণ্ডারিয়ার পরিদর্শক (ওসি তদন্ত) রত্নেশ্বর কুমার মন্ডল বলেন, এ ঘটনায় থানায় মামলা হয়েছে। ইতোমধ্যে মো. সোহাগ মৃধা ও মো. সোহাগ হাওলাদারকে গ্রেফতার করে জেলহাজতে প্রেরণ করা হয়েছে। ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

## ইয়াবাকাণ্ডে যুবদল নেতা

পরে হুমায়ুনের বাসা তল্লাশী করে ২২ পিস ইয়াবা ট্যাবলেট জব্দ করা হয়। এ ঘটনার তাদের বিরুদ্ধে আমতলী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে। বুধবার বিকেলে পুলিশ তাদের আমতলী সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে সোপর্দ করেছেন। আদালতের বিচারক মোঃ ইফতি হাসান ইমরান সামারী ট্রায়ালের মাধ্যমে মাদক বিক্রেতা মোঃ হুমায়ুন কবিরকে এক বছরের কারাদন্ড দিয়েছেন এবং মাদকসেবী যুবদল নেতা নাজমুলকে আগামী রবিবার শুনানীর দিন ধার্য করে জেল হাজতে পাঠানোর আদেশ দিয়েছেন। ওইদিন রাতে কোর্ড পুলিশ তাদের বরগুনা জেল হাজতে পাঠিয়েছেন। যুবদল নেতা নাজমুল হাওলাদারের মাদকদ্রব্য মামলায় গ্রেপ্তারের ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। এলাকাবাসী নাজমুলের কঠোর শাস্তি দাবী করেছেন। নাজমুল হাওলাদার প্রায়াত ডাঃ খালেক নিজামের ছেলে। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন বলেন, নাজমুল সবসময় মাদক সেবন করে। তার অত্যাচারে এলাকার মানুষ অতিষ্ট। তার কঠোর শাস্তি দাবী করছেন তারা। আমতলী থানার ওসি মোঃ ইয়াকুব হোসাইন বলেন, ২২ পিস ইয়াবাসহ হুমায়ুন কবির ও নাজমুল নামের দুইজনকে গ্রেফতার করা হয়। এদের মধ্য হুমায়ুন কবিরকে সামারী ট্রায়ালে মাধ্যমে বিচারক এক বছরের কারাদন্ড দিয়েছেন। অপর আসামী নাজমুলকে আগামী বরিবার শুনানীর দিন ধার্য করে জেল হাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন। তিনি আরো বলেন, মাদকের বিরুদ্ধে সরকার জিরো ট্রলারেন্স। মাদক বিক্রেতা ও সেবী যতবড় শক্তিশালী হউক কাউকে ছাড় দেয়া হবে না। হয় মাদক ছাড়বে, নয় আমতলী ছাড়বে।

## মঠবাড়িয়ায় রাতে বিএনপি

বিষয়টি জানালে তারা ঘটনাস্থলে গিয়ে খোঁজখবর নিয়েছে। ঘটনার সুষ্ঠু তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানাই। মঠবাড়িয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রবিউল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ভাঙচুরের ঘটনা ঘটেছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে তথ্য সংগ্রহ করেছে। এ বিষয়ে এখন পর্যন্ত কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## বরিশাল শিক্ষাবোর্ডে: এসএসসি

৫ জনের এবং নম্বর পরিবর্তন হয়েছে ৩ হাজার ১১৮ জনের। তথ্যানুযায়ী, গত ১০ আগস্ট প্রকাশিত এসএসসি পরীক্ষায় বরিশাল বোর্ডে পাসের হার ছিল ৬০ দশমিক ৩৫ শতাংশ। বরিশাল বোর্ডে এবার ১ হাজার ৫১৫টি বিদ্যালয় থেকে মোট পরীক্ষার্থী ছিল ৮২ হাজার ৯০১ জন। যার মধ্যে ২১৬টি কেন্দ্রে অংশ নেয় ৮০ হাজার ৪৫৮ শিক্ষার্থী। পাস করেছে ৪৮ হাজার ৫৫৫ জন পরীক্ষার্থী। বহিষ্কার হয়েছে ২৪ জন।

## বরিশালে পুলিশ সদস্যের

থেকে লাশটি উদ্ধার করা হয়। নিহত রুনা আক্তার (২৩) বরিশাল সরকারি বিএম কলেজের শিক্ষার্থী ছিলেন। তার স্বামী শুভ পুলিশ কনস্টেবল হিসেবে ঢাকায় কর্মরত। গত ১ সেপ্টেম্বর বরিশাল নগরীর জিয়া সড়কে একটি বাড়িতে ঘর ভাড়া নিয়েছিলেন রুনা। বাড়ির কর্ত্রী জানান, রুনা নিজেই বাসা ভাড়া নিয়েছিলেন। তবে বাসায় ওঠার পর থেকে তার স্বামী শুভ একবারের জন্যও আসেনি। বুধবার রাতে হঠাৎ শুভ আমার সেল ফোনে কল করে দ্রুত রুনার খোঁজ নিতে বলেন। প্রয়োজনে দরজা ভেঙে রুনাকে দেখতে বলেছেন। পরে রুনাকে ডাকাডাকি করে কোনো সাড়া না পাওয়ায় জানালার গ্রিল ভেঙে ঘরে ঢুকে ঝুলন্ত অবস্থায় তার মরদেহ পাওয়া যায়। খবর পেয়ে পুলিশ এসে মরদেহ উদ্ধার করে। জানা গেছে, রুনা ও তার স্বামী শুভ পরস্পর মামাতো-ফুফাতো ভাইবোন ছিলেন। বরিশাল কোতোয়ালি মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আল মামুন উল ইসলাম বলেন, 'খবর পেয়ে থানা পুলিশ এবং সিআইডি পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। বিভিন্ন আলামত সংগ্রহ করেছে। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। রিপোর্ট পেলে মৃত্যুর সঠিক কারণ জানা যাবে। তবে প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলে ধারণা করা হচ্ছে।'

## মহিষ ডাকাতির প্রস্তুতি

কার্তুজ, দুই রাউন্ড ফাঁকা কার্তুজ, চারটি বগিদা এবং ডাকাতির কাজে ব্যবহৃত তিনটি ইঞ্জিনচালিত কাঠের বোট জব্দ করা হয়। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) ভোর ৪টা থেকে সকাল ৮টা পর্যন্ত চরনিয়ামতপুর এলাকায় এ অভিযান পরিচালনা করে কোস্ট গার্ড বেইস ভোলা। আটক ব্যক্তিরা হলেন– দৌলতখান থানার চরপাতা গ্রামের কয়ছর মাঝি (৬০), তাঁর ছেলে মো. আপন (২৬), ভবানীপুর গ্রামের মো. মফিজ খনকার (৬০) এবং ভোলা সদর থানার ধরিয়াম সংকর গ্রামের কোবির পঞ্চায়েত (৬২)। কোস্ট গার্ড সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে চরনিয়ামতপুর এলাকায় একদল ডাকাত মহিষ ডাকাতির প্রস্তুতি নিচ্ছে বলে খবর পাওয়া যায়। পরে ওই তথ্যের ভিত্তিতে কোস্ট গার্ড বেইস ভোলার একটি দল এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে। অভিযানের একপর্যায়ে ডাকাতদের আস্তানায় তল্লাশি চালিয়ে চারজনকে আটক করা হয়। এ সময় তল্লাশি চালিয়ে একটি ব্যারেলবিহীন আগ্নেয়াস্ত্রসহ দুটি দেশীয় আগ্নেয়াস্ত্র, দুই রাউন্ড তাজা কার্তুজ ও দুই রাউন্ড ফাঁকা কার্তুজ উদ্ধার করা হয়। এ ছাড়া চারটি দেশীয় অস্ত্র (বগিদা) এবং ডাকাতির কাজে ব্যবহারের জন্য রাখা তিনটি ইঞ্জিনচালিত কাঠের বোট জব্দ করা হয়েছে। কোস্ট গার্ড জানায়, আটক ব্যক্তিরা ভোলা সদর ও দৌলতখান উপজেলার বাসিন্দা। প্রাথমিকভাবে জানা গেছে, তারা দীর্ঘদিন ধরে বিভিন্ন সন্ত্রাসী ও ডাকাতি কর্মকাণ্ডের সঙ্গে জড়িত। তাদের বিরুদ্ধে একাধিক ফৌজদারি মামলাও রয়েছে। আটক ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে কোস্ট গার্ড।


## হিজলায় ১৮ বছর পলাতক যাবজ্জীবন

এবং সাজাপ্রাপ্ত ও পলাতক আসামিদের গ্রেপ্তারে পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

## লুট হওয়া অস্ত্র উদ্ধারে ২ লাখ

কঠোর অবস্থানে রয়েছে র‍্যাব-৮। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং অবৈধ অস্ত্রের অপব্যবহার রোধে এসব অস্ত্র উদ্ধারে সাধারণ মানুষের সহযোগিতা প্রয়োজন। র‍্যাব জানায়, লুণ্ঠিত ও হারিয়ে যাওয়া সরকারি অস্ত্র ও গোলাবারুদের অবস্থান সম্পর্কে সঠিক ও নির্ভরযোগ্য তথ্য দিয়ে সহযোগিতা করলে তথ্যদাতাকে সর্বোচ্চ ২ লাখ টাকা পর্যন্ত নগদ পুরস্কার দেওয়া হবে। র‍্যাব-৮-এর পক্ষ থেকে জানানো হয়েছে, লুট হওয়া সরকারি অস্ত্র উদ্ধারে বিশেষ অভিযান আগামী ১৫ নভেম্বর পর্যন্ত কার্যকর থাকবে। অস্ত্র ও গোলাবারুদের অবস্থান সম্পর্কে তথ্য প্রদানকারীর পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে। এ ছাড়া ঘরে বসেই যাতে নাগরিকরা আইনশৃঙ্খলা বাহিনীকে তথ্য দিতে পারেন, সে জন্য বিশেষ হটলাইন ও যোগাযোগের মাধ্যম চালু করেছে র‍্যাব-৮। সরাসরি ০১৭৭৭ ৭১১ ৪৪১, ০১৭৭৭ ৭১১ ৪৪২, ০১৭৭৭ ৭১১ ৪৪৩ ও ০১৭৭৭৭ ১১৪ ৪৪ নম্বরে কল করে তথ্য দেওয়া যাবে। এছাড়া এসব নম্বরে WhatsApp, imo, Telegram I Viber-এর মাধ্যমে মেসেজ, অডিও বা ভিডিও পাঠিয়েও তথ্য জানানো যাবে। পাশাপাশি টোল-ফ্রি নম্বর ১২৫৫৬ ৬৯৯ ৯৯৯-এ কল করেও তথ্য দেওয়ার সুযোগ রয়েছে। র‍্যাব-৮-এর মিডিয়া অফিসার লেফটেন্যান্ট কমান্ডার মো. শাহরিয়ার রিফাত অভি বলেন, 'দেশের সচেতন নাগরিকরা দেশপ্রেম ও সামাজিক নিরাপত্তার স্বার্থে স্বতঃস্ফূর্তভাবে লুণ্ঠিত অস্ত্রের তথ্য দিয়ে আইনশৃঙ্খলা বাহিনীকে সহযোগিতা করবেন বলে তারা আশা করছেন।' তিনি বলেন, 'যেকোনো ধরনের অপরাধমূলক কর্মকাণ্ড প্রতিরোধে র‍্যাব-৮-এর সাঁড়াশি অভিযান অব্যাহত থাকবে।'

Government of the People's Republic of Bangladesh
Local Government Engineering Department
Office of the Executive Engineer
Barishal.
www.lged.gov.bd



Memo: 46.02.0600.000.07.068.17-2711 Date: 10/09/2026

**Tender Notice No- 12/2026-27 (OTM: 44-48)**

e-Tender is hereby invited in the National e-GP system portal (http://www.eprocure.gov.bd) for the procurement of following work.


| Sl. No. | Tender ID & Method | Name of the work with Package No | Last Date of Selling | Last Date of Receiving |
|---|---|---|---|---|
| 44 | 1315793 (OTM) | BRLIRIIP/ Uniblock/W -134 Improvement of Road By Uni-Block on Sonirakra DC Road-Falan Akon Bari Via Moddo Azimpur GPS Road at Ch.4700m-5200m, Mehendiganj Upazila, Barishal.ID: 506625016. Improvement of Road By Uni-Block on Sonapur Shatantra Ibtadai Madrasha-Shipgonj Launch Ghat Road Ch.00m-500m, Mehendiganj Upazila, Barishal.ID: 506625031. Improvement of Road By Uni-Block Bhasanchar Chowdorirhat-on Moddo Bhasanchar Gps Road at Ch 850m - 1800m Mehendiganj Upazila, Barishal.ID: 506625161[Salvage Cost:2152680.00Tk]. Improvement of Road By Uni-Block on Pongkos Nath Bazar Dhakkin -Goal Vhayor Khaya Ghat Road at Ch 0m - 500m Mehendiganj Upazila, Barishal.ID: 506625415. | 28-Sep-2026 16:00 | 29-Sep-2026 13:00 |
| 45 | 1315792 (OTM) | BRLIRIIP/UNR/W-27 Improvement of Road Kaligonj Bazar S/ Side of UP Office to Botra Hat via Lochnadad High School. By BC Road at Ch.2160m-4175m, Bakerganj Upazila, Barishal.ID: 506073034. | 28-Sep-2026 16:00 | 29-Sep-2026 13:00 |
| 46 | 1315791 (OTM) | BRLIRIIP/ UZR/W-14 Improvement of Road from Bakergonj H/Q (Aowliapur Khaya Ghat) to Halta G.C via Garuria UP Office By BC Road at Ch.6000m-7000m, Under Bakerganj Upazila, Barishal. ID: 506072007 [Salvage Cost:762486.00Tk]. | 28-Sep-2026 16:00 | 29-Sep-2026 13:00 |
| 47 | 1294657 (OTM) | BRLIRIIP/VRA/W-69 Part-1: Improvement of Road from Kalaskati Bajar to East Side of Dauly Jalil Khan Bari (UZR) via Babu Bari. Esmail Sikder Bari & Hiradar Regd. Pry. School By BC Road at Ch.00m-500m, (E/L=498m) Bakerganj. Barishal. ID: 506074163 [Salvaged Cost Tk: 116160.00] Part-2: Improvement of Road by BC on DKP High School to Mirja via Rahaman Howlader Bari Bridge Bari Bridge Road..Ch. 1000 1500m Under Bakerganj Upazila, Barishal. ID: 506074072 Part-3: Improvement of Road by BC on N/ Side of Mannan Mollha Barir Baille Bridge (UZR) to Omar Alir Bari via Narayon Master Bari Road at Ch. 00m 1000m Under Bakerganj Upazila, Barishal. ID: 506074047 Pat-4:Improvement of Road from BC on North Side of Holta GC Bridge to Baro Barir Foot Bridge via Chowkider Bari, Barek Dakua Bari, East Charadi Madrasa & Baser Master Bari Road at Ch.800m-1300m, Bakerganj, Barishal. ID: 506074023 | 28-Sep-2026 16:00 | 29-Sep-2026 13:00 |
| 48 | 1282994 (OTM) | BRLIRIIP/VRA/W-68 Part-1:Improvement of Road by BC on Uttampur Khaya Ghat to kamerkhali R.A.Howlader Bridge via Uttampur Hat & Uttampur Sinior Madrasa Road at Ch. 00.00m 500m Under Bakerganj Upazila, Barishal.ID: 506074129 Part-2:Improvement of Road by Bc on Ragunathdai very bundth Abul Kalam house to Kader mollah bari Sulice gate via Ragunathdai Jame mosque Road at Ch. 00.00m 580m (E/L=500m) Under Bakerganj Upazila, Barishal.ID: 506074238 Part-3:Improvement of Road by BC on Goma ferry ghat to Balaikati Barek Membar Bari via Kipaitu ler Hat & Kalitara Govt. Pry. School Road at Ch. 00.00m-500m Under Bakerganj Upazila, Barishal.ID: 506074185 Part-4: Improvement of Khudrakati High School (Gerder Bridge) to Wohab Sikder Bari via Narangal Regd. Pry. School Road Ch.0.00-1600m from Upazila: Bakerganj, Barishal.ID: 506074124 | 28-Sep-2026 16:00 | 29-Sep-2026 13:00 |

e-Tender will be accepted in the National e-GP portal and no offline/hard copies will be accepted. To submit e-Tender, registration in the National e-GP system portal (http://eprocure.gov.bd) is required. The fees for downloading the e-Tender documents from the National e-GP System portal have to be deposited online through any registered bank's branches. Details information and guidelines are available in the National e-GP System portal and from e-GP help Desk (helpdesk@eprocure.gov.bd).

10.9.26
(Muhammad Al Emran)
Executive Engineer
Phone: 0431-71054
e-mail: xen.barishal@lged.gov.bd

# মহানবি মুহাম্মাদ সা. সব মানুষের নেতা

## মাহমুদ ইউসুফ




মহানবিকে প্রেরণ করা হয়েছে একটি মাত্র উদ্দেশ্যে। সেটা হলো পৃথিবীর বুকে সত্য প্রতিষ্ঠা। মহানবি জীবনভর হক, ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠার কাজ করে গেছেন। বিশ্বাস, কথা ও কর্মের ছিলো অপূর্ব মেলবন্ধন। তাঁর ভিশনই ছিলো সত্য ও ন্যায়ভিত্তিক সমাজ ও রাষ্ট্র প্রতিষ্ঠা। ভিশনের ভিত্তিতেই পরিচালিত হয় মিশন। দাওয়াহ, একতা, সংহতি, শৃঙ্খলা, শিক্ষা, সংস্কার সবই মিশনকেন্দ্রিক। জ্ঞান, বিজ্ঞান, প্রজ্ঞা এবং বৈষয়িক খুঁটিনাটি বিষয়ের সমন্বয় একজন মহামানবের প্রতিচ্ছবি। তাঁর প্রতিরোধমূলক ৮৬টি যুদ্ধ, জিহাদ, সংগ্রাম, অভিযানের একমাত্র উদ্দেশ্য ছিলো অহি নির্দেশিত সত্য বিধান জারি করা। সেই সত্য সিস্টেম সব মানুষের, সব জাতির, সব রাষ্ট্রের, সব দেশের, সব মানুষের, সব সম্প্রদায়ের, সব বর্ণের, সব ধর্মের, সব গোত্রের, সকল সমাজের জন্য গ্রহণীয়। মহানবির নির্দেশনাতেই ঐতিহ্য ও আধুনিকতার সংমিশ্রণে সুষ্ঠ-সুন্দর-সাম্য সমাজ সৃষ্টি সম্ভব। পেশা, শ্রেণি, ধর্ম, বর্ণ, গোত্র, জাতি তথা সব মানুষের অধিকার উচ্চারিত মহানবির জবানিতে।

অকৃতজ্ঞ
যাপিত জীবনে একা চলা যায় না। বিচ্ছিন্ন জীবন যাপন অসম্ভব। পরের সাহায্য নিতেই হয়। মানুষের উপকার স্বীকার এবং তাদের ধন্যবাদ জানানো ইমানি কৃষ্টির অঙ্গ। মুহাম্মাদ স. বলেছেন, “যে ব্যক্তি মানুষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে না, সে আল্লহর প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করে না।” (আবু দাউদ ও তিরমিজি)

অত্যাচারী
অত্যাচার, অনাচার, অবিচার, জুলুমবাজি সমাজকে অন্ধকারাচ্ছন্নতার দিকে নিয়ে যায়। মহানবি স. আমৃত্যু জুলুম নিরসনে লড়াই করেন। তিনি বলেছেন, “তোমরা জুলুম, অত্যাচার, অবিচার থেকে বেঁচে থাকো। কেননা জুলুম কেয়ামতের দিন অন্ধকার রূপ ধারণ করবে।’ (সহিহ বুখারি ও মুসলিম)

অমুসলমান
ইসলামে সহমর্মিতা চিরন্তন রীতি। এখানে নেই কোনো ভেদজ্ঞান। আল্লহর নবি বলেছেন, “মনে রেখো যদি কোনো মুসলমান অমুসলিম নাগরিকের ওপর নিপীন চালায়, তার অধিকার খর্ব করে, তার কোনো বস্তু জোরপূর্বক ছিনিয়ে নেয়, তাহলে কিয়ামতের দিন আমি আল্লহর আদালতে তার বিরুদ্ধে অমুসলিম নাগরিকদের পক্ষাবলম্বন করব”। (আবু দাউদ)। তিনি আরও জানান: “যে ব্যক্তি অন্যায়ভাবে কোনো অমুসলিম নাগরিককে হত্যা করবে, আল্লহ তার জন্য জান্নাত হারাম করে দেবেন।” (মুসনাদে আহমদ)।

অহংকারী
দাম্ভিকতা ও অহংকার সামাজিক ভারসাম্যের অন্তরায়। এ ব্যাপারে রয়েছে দীনের কঠোর নির্দেশনা। মহানবি স. বলেছেন, আল্লহতাআলা বলেন: ‘‘ইজ্জত-সম্মান হচ্ছে আমারই পোশাক এবং গর্ব-অহংকার হচ্ছে আমারই চাদর। তাই যে ব্যক্তি এ দুয়ের কোনোটি নিয়ে টানাটানি করবে, তাকে আমি কঠোর শাস্তি দেবো।’’ (মুসলিম, আবু দাউদ) আরও ইরশাদ হয়েছে, ‘‘দাম্ভিক ব্যক্তিদের কেয়ামতের দিন ক্ষুদ্র পিপড়ার ন্যায় মানুষের রূপে সমবেত করা হবে। তাদেরকে চারদিক হতে অপমান ও লাঞ্ছনা ছেয়ে ফেলবে। জাহান্নামের বুলাস’ নামক একটি কারাগারের দিকে তাদেরকে টেনে নেওয়া হবে, আগুন তাদেরকে গ্রাস করবে, জাহান্নামিদের গলিত রক্ত ও পুঁজ তাদেরকে পান করানো হবে।’’ (তিরমিজি)

আত্মহত্যাকারী
শরিয়া দৃষ্টিকোণে আত্মহত্যা নিষিদ্ধ। জাগতিক শৃঙ্খলাতেও নিজকেহত্যা নিন্দনীয়। নবিজির সতর্কতা: “যে ব্যক্তি পাহাড় থেকে লাফিয়ে পড়ে আত্মহত্যা করবে, সে জাহান্নামের আগুনে সর্বদা পাহাড় থেকে লাফিয়ে পড়তে থাকবে এবং চিরকাল সেখানে থাকবে। যে ব্যক্তি বিষপান করে আত্মহত্যা করবে, সে বিষের পেয়ালা তার হাতে থাকবে এবং জাহান্নামের আগুনে সে তা পান করতে থাকবে। আর যে ব্যক্তি ধারালো লোহা বা অস্ত্র দিয়ে আত্মহত্যা করবে, সেই লোহা তার হাতে থাকবে এবং অনন্তকাল তা দিয়ে নিজের পেটে আঘাত করতে থাকবে।”(সহিহ বুখারি ও মুসলিম)

আমানতকারী ও খিয়ানতকারী
স্থিতিশীল সমাজব্যবস্থার জন্য আমানতকারীর বিশ্বস্ততা অপরিহার্য। রসুল স. বলেছেন, “যে তোমার সাথে আমানত রেখেছে তার আমানত আদায় করে দাও। যে তোমার সাথে খিয়ানত করেছে তার সাথেও খিয়ানত করো না।” (তিরমিজি ও আবু দাউদ)

কৃষক
চাষাবাদ জাগতিক জীবনের অপরিহার্য অংশ। এটি পৃথিবীর প্রাচীনতম পেশা। অনেক আগে থেকেই কৃষিকাজ বা চাষাবাদের সঙ্গে মানুষের সম্পর্ক। ইসলামে এই পেশা মর্যাদার আসনে সমাসিত। নবি করিম স. ইরশাদ করেছেন, “আমি তোমাদের আদম ও ইবরাহিম আ. সম্পর্কে বলব। তারা কৃষিকাজ করতেন।’ (মুসতাদরাক হাকেম) মহানবি নিজেও জারফ নামক স্থানে চাষাবাদ করেছেন। ক্ষতিগ্রস্ত চাষীদের রাষ্ট্রের পক্ষ থেকে ক্ষতিপূরণ দেওয়ার প্রথম নজির স্থাপন করেন হজরত উমার রা.। খলিফা আববুকর যুদ্ধের সময়ও যেন ক্ষেতখামার নষ্ট না হয় সৈন্যবাহিনীকে সেদিকে লক্ষ্য রাখতে বলেছেন। চারদিকে তাকালে দেখি, সবধর্মের মানুষই কৃষিকাজের সাথে নানাভাবে সম্পর্কিত। মুসলিম ব্যতিরেকে ভিন্ন সম্প্রদায়ের মানুষরা নবির সুন্নাহর অনুসরণ করছে।

ক্রেতা-বিক্রেতা
বাজার ব্যবস্থাপনার প্রধান দুটি পক্ষ ক্রেতা ও বিক্রেতা। মালামাল ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে সরবরাহকারী, গ্রাহক, খরিদ্দারের সুনির্দিষ্ট দায়িত্ব রয়েছে। নবি করিম স. আমাদের জানান: “আল্লহ এমন ব্যক্তির প্রতি দয়া করুন, যে বিক্রি করার সময়, কেনা-কাটার সময় এবং নিজের পাওনা দাবি করার সময় নম্রতা ও উদারতা অবলম্বন করে।” (সহিহ বুখারি) অন্যত্র ঘোষিত হয়েছে: “মুসলমানরা পরস্পর ভাই ভাই। কোনো মুসলমানের জন্য তার ভাইয়ের কাছে কোনো ত্রুটিযুক্ত পণ্য বিক্রি করা বৈধ নয়, যতক্ষণ না সে তার সামনে ওই ত্রুটি প্রকাশ করে।” (ইবনে মাজাহ)

---

মুস্তফা হাবীব

### রাজার মতো

প্রস্থানপর্ব সুন্দর ও সাবলীল চেয়েছি বলেই
সন্তর্পণে এড়িয়ে চলেছি জলের সঙ্গে দুধের মিশ্রণ,
আলোকিত পথে মেলে দিয়েছি স্বপ্নডানা
মনোলোক সাজিয়েছি অদৃশ্য শ্বেত শুভ্র বসনে ;
দিনের পর দিন অবতীর্ণ হয়েছি জাগতিক পরীক্ষায়।

পোশাকী মানুষগুলো অগ্রাহ্য করে সত্য ভাষণ,
লাভের প্রত্যাশায় সাঁতার কাটে ঘুর্ণি ঘোলাজলে
উচ্চদরে বিক্রি করে কৃত্রিম অলঙ্কার, বাতাশা নাড়ু
রাতদিন উড়ায় ফানুস মিথ্যে আবেশে
রঙিন জরিতে মোড়ায় বহুরূপ চরিত্রের কঙ্কাল ।

এদের দাপটে সূর্য লুকায় মেঘের আড়ালে
রাতের আকাশে উঁকি দেয় শকুন, সশস্ত্র আগন্তুক
তবু এই দুর্বোধ্য জুয়ারি খেলায় আক্রান্ত হইনি কখনও,
বেঁচে আছি নিরাপোস অন্য আলোয়ে একা
মুকুটবিহীন রাজার মতো,
শিউলিফোটা শরতের সূর্যোদয়ের মতো।

নয়ন আহমেদ

### আমার নবি

আল্লাহর ইচ্ছা যখন পৃথিবীতে রহমত হয়ে ঝরলো

সেদিন ক্যানভাসে আঁকা হলো এক জ্যামিতিক ভোর।

হে মুহম্মদ, দরুদ আপনার জন্য।
হে আল্লাহর রাসুল, সালাম। সালাম।
হে মহাজাগতিক পরিব্রাজক,
আমাদের তো শূন্যতার দেয়ালে পিঠ ঠেকেছিল। তখন গলিত লাভার
মতো বিষে নীল হয়ে যাচ্ছিল মানুষের নিজস্ব ভূগোল–
আপনার আগমনে সবকিছু নতুন রূপে জন্ম নিলো।
রোদ নতুন হলো।
জন্ম আনন্দের ভাষা পেলো।
মৃত্যুও খুশবুময় হলো।
ঝরনা আরও গতিময় হলো।
বায়ু সুমিষ্ট হলো।
প্রবাহ আনারের মতো রঙিন হলো।
নিষ্প্রাণ ধূলিকণাও চিনে নিলো এক সবুজ স্পন্দন,
পৃথিবী এক লহমায় পান করল পবিত্র জল।
মানুষ পরিধান করলো আসমানি মেঘের পোশাক।
জিবরিলের ডানায় ডানায় আলোর প্রকম্পন তুলে যেদিন ছুঁয়ে দিল হেরা–
সেদিন থমকে যাওয়া ইতিহাস পেল এক উজ্জ্বল রোদ।

গোলাকার রোদ
চ্যাপ্টা রোদ
দীর্ঘ ও ছিপছিপে রোদ হাসলো খলখল করে।

ক্ষমা ও করুণা পেলো গাঢ় আশ্রয়।
ইতিহাস পেলো প্রসন্ন গোলাপ
যার কোনো মলিনতা নেই।
যার পেটে আর পড়েনি কোনও রুগ্নতার দাগ।
শত্রুর জন্যও আপনার ঠোঁটে ছিল কোমল শ্বেতপদ্ম।
আশ্রয় পেল সমাজের কুঁকড়ে যাওয়া মলিন মেষপালক
আর শৃঙ্খলিত কালো হাত।
আপনি এক ফুঁৎকারে উড়িয়ে দিলেন বংশীয় আভিজাত্যের অহংকার।

যত্রতত্র ছড়িয়ে থাকা ভাঙা কাচের মতো এক জাতিকে আপনি
জুড়লেন মৈত্রীর অটুট সুতোয়,
মদিনার মাটির রন্ধ্রে রন্ধ্রে আজো সুবাসিত হয়ে আছে আপনার সেই স্পর্শ।
বিদায় হজের সেই জনসমুদ্রে দাঁড়িয়ে আপনি যে সাম্যের মহাকাব্য পাঠ করলেন–
তা মহাকালের ওপারেও সমস্ত শোষিত মানুষের একমাত্র ইশতেহার।

যেমন ফুল ফোটে
আমাদেরও হৃদয় তেমন ফুটুক।
যেমন দিনের ভেতর রোদ উজ্জ্বল হয়ে পদ্মের মতো পেখম মেলে–

আমাদেরও তেমনি রাসুলের সুন্নায় ফরসা করো, আল্লাহ।
আমাদের পবিত্র করো।

তাঁর শাফায়াতের সবুজ চাদরেই যেন মেলে পরম আশ্রয়।

এইভাবে আমার নবি মুহম্মদের মতো গোলাপ ফুটুক।

মাহবুবুল হক

### জিঞ্জির

দ্বান্দ্বিক তত্ত্ব রেখা ধরে আদিম সমাজ ক্রম-
ভেঙেচুরে উন্নতি হয়েছে অনেক!
তারাই গড়েছে এ কেমন অসভ্য বিবেক।
মানুষ রচিছে জোর করি -
কেবলই মনুষ্য কংকালের ধাপ-
জমিন ভিতর।
পবিত্র জন্ম হয়ে যায় নরক শৃঙ্খল।
কাদের কোন তন্ত্রের গোপন ইশারায়-
রাতের হালকা নিয়ন আভায় বারাংগনা খুলেছে নরক দুয়ার।
লাভ নেই কোনো যতই আরজি কর পেশ-
যেমন করে ছিল ঐ অবুঝ বারংগনা মেয়েটি এইতো সেদিন।
হে দুনিয়া সফরকারী যাজক! তুমি কি পারনা এ নরক ভেঙ্গে
বাঁচাতে মোদের?
অথচ সেই কবে দাসত্বের লাশ-
তুমি হে নবী-তোমার পবিত্র পায়ে
পিষে হত্যা - আরাফার ময়দানে।
বীরদের খুঁজে যায় কালো চিতার “র” এর চকচকে চোখ সঙগোপনে।
চারিদিকে বিভৎস চিৎকারে মানবতা নিরবে কাঁদে প্রতিধ্বনি গমগম।
শুনতে কি পাও?
মুর্খতার আড়ালে জড় সভ্যতা অট্টহাস্যে নিজেই কাঁদে।
মর্ত ভূতল কেঁপে কেঁপে ওঠে উল্লাসে তার।
কর্পোরেট লাভ কম্পিউটারে গোপন ভাগাভাগি।
দাসত্বের কুকুরটা দাস করে রেখেছে নিশ্চল।
যবন কৌমের জাতি ঘুমায় বেঘোর অচেতন
বেখবর- অগোচরে ভাগ্যে কি হচ্ছে আগামীর ভোর?
তোমরা তোমাদের কথা বলো।
কূট বাষ্প ছড়ায় বিষ চানক্য ভাঁজে।
প্লেতো বিচার বর্গে মাৎস্যন্যায় দিয়েছো কামড়।
টের পাও!
ঘসেটির গোলাপ বাগে গোপন কৃষ্ণ কলরব।
ফ্যাসিস্টদের হায়না থাবায় আমার বাংলা আজ তছনছ!
মুখে মুখে ওদের শুধুই প্রাচীন- নবীন নফসী দুস্ট বুদ্ধিজীবী- দার্শনিক
আতেলদের নামের
খই ফোটে বার বার।
সৃষ্টির শেরা উষ্ঠের যুগ মগজে হারায়।
দুনিয়া কাঁপানো বিশ্বাসী বীরেরা আজ স্মৃতির হারানো খোরাক।
এভাবে আর কত গুয়ানতানামো কাড়াগার !
আহা! হেরার বিচ্ছুরিত বিভা অন্ধকারে কেবলি ঢেকে ঢেকে যায়।।।

আহমেদ বেলাল

### নূরের পরশ

তুমি এলে আঁধার রাতে
মানবতার প্রদীপ হাতে,
এলে যেন করুণা হয়ে
মজলুমের সান্ত্বনাতে।

বিশ্বজুড়ে যে চাঁদ ওঠে
তোমার মুখে খোঁজে আলো,
শান্তির দিশা দিলে তুমি
দূর হল সব আঁধার-কালো।
শেখালে মোদের সত্য বাণী
দিলে তুমি ন্যায়ের ডাক,
তোমার ছোঁয়ায় নাপাক দেহ
শেষে হল পুণ্য-পাক।

রাহমাতুল্লিল আলামিন তুমি
সারা জাহানের শান্তির-দূত
তোমায় পেয়ে হাসলো জগৎ
হাসলো মানুষ অযুত-নিযুত।

হে প্রিয় নবী মোদের–
তোমার শাফায়াত নসিব হোক
আলোকিত হোক বিশ্বনিখিল,
জান্নাতি হোক সর্ব লোক।



আজিজুল হাকিম সামি

### নুরের ফুল

আরবের ঐ মরুর মাঝে
ফুটলো এ কেমন ফুল,
যার সুবাসে বিশ্ব মাতাল
হইলো তার প্রেমে মশগুল।

সেই ফুলেরে জন্ম দিয়ে
মরুর ভূমি হলো ভাগ্যবতী,
ধন্য হলো পেয়ে তারা
নুররে ফুলের জ্যোতি।

জাহেলিয়ার অন্ধকারে
আরব ছিল কালো,
নুরের ফুলের জ্যোতিতে
আধার হলো আলো।

ইয়াসমিন অজান্তা

### রহমতের দিশারী

আঁধার রাতে হেরা গুহার বিচ্ছুরিত আলো,
জগৎ জুড়ে মিটিয়ে দিলো ধুলোর অন্ধ
কালো।
পাপের মরুতে ফুটলো কুসুম শাশ্বত এক ভোরের,
ভাঙলো বাঁধন শত শৃঙ্খল যুগ-যুগান্তরের।

ধরণীর এ কলুষতা মিটাতে এলে তুমি,
পবিত্রতায় ধন্য হলো আরবের মরুভূমি।
তুচ্ছ করে নিজের সুখ, সয়েছো কত ব্যথা,
তাই তো তোমার করুণাতে জাগলো মানবতা।

তায়েফের ঐ পাথরের ঘাতে রক্তে ভিজলো কায়া,
তবুও মুখে ছড়াও শুধু ক্ষমার শীতল ছায়া।
শত্রুকেও জড়িয়ে বুকে দিলে শান্তির বাণী,
বিশ্বমাঝে তোমারে মেনেছে মানব-কূলের মনি।

মক্কা থেকে মদীনা পানে সত্যের এই জয়,
তোমার প্রেমে বিশ্ববাসীর কাটলো সকল ভয়।
আরাফাতের ময়দানেতে শোনালো শেষ কথা,
ঘুচিয়ে দিলে মানবধর্মের প্রাচীন ব্যাকুলতা।

কারবালার ঐ তপ্ত বালুতে ঝরলো নূরের রক্ত,
নবীজীর ত্যাগে আজও তো জাগে বিশ্বস্ত সব ভক্ত।
আহলে বায়াতের ত্যাগের মহিমায় সত্য জাগে নিত্য,
অন্যায়ের সাথে আপস না করার শিক্ষায় ধন্য চিত্ত।

তোমার পথেই মুক্তির আলো, তুমিই শেষ আলো,
হৃদয় মাঝে তোমার স্মরণ চির অমলিন আলো।
রহমতেরই চাদর তোমার বিশ্বজুড়ে পাতা,
তোমার নামেই অমর হলো সত্য মানবতা।

মোহাম্মদ নাজিম উদ্দিন


### সমর্পণ

হে প্রভু, আমারে বাঁচাও সকল পাপ হতে!
পাপ না করার প্রতিশ্রুতি আমি বারবার ভঙ্গ করেছি।
যেটুকু সময় হয়েছে গত এ জীবন হতে,
তার সবই গিয়েছে পাপস্রোতে ভেসে।
এ তরী করব নোঙর সেই ঘাটে,
যেথা পঙ্কিল মানুষেরা হয় শুচি।
আমায় তুমি শক্তি দাও, হে প্রভু!
?অতীতকে স্মরণ করে
করব প্রার্থনা তোমার দরগায়;
যত আছে পাপচিহ্ন এ দেহে,
ধুয়ে দাও আশিষ-বর্ষণ।
সামনে যে পথ রয়েছে অনাগত,
সে পথ করিও পুণ্যময়।
সেই আলোকরশ্মি দিও মোরে,
যে আলোতে কেটেছে জাহিলিয়াত আরবের।
ক্ষমা করো প্রভু, মোর অপরাধ যত;
মুছে দাও কালো দাগ, হৃদয়ের ক্ষত।

মো: সাঈদ সিদ্দিকী

### নূরের পরশ

বারো রবিউল আউয়ালে
আজ ফুটলো ফুলের হাসি,
বিশ্ববাসীর মুক্তিদূত সে
মোরা তাঁকেই ভালোবাসি।
এলেন ধরায় নূরের পরশ
ঘুচলো গভীর কালো,
তাঁর আগমনে বিশ্বজোড়া
জমিন হলো আলো।
দরূদ পাঠাই মনে-প্রাণে
সারাটি ক্ষণ ধরে,
নবীর প্রেমে শান্ত হোক
এই হৃদয়ের ঘরে।



আমিন হাফিদ

### রক্তাক্ত পদচিহ্নে আলোর অভিযাত্রা

যুল মাজায। মক্কার অদূরে মিনা প্রান্তরে জমজমাট বাজার। চারদিকে মানুষের কোলাহল, কেনা বেচার ব্যস্ততা, দূর দূরান্ত থেকে আসা মানুষের ভিড়। আর এ ভিড়ের মাঝেই এগিয়ে চলছেন এক মহান মুক্তির দূত দোজাহানের বাদশা মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম।
তার কন্ঠে নেই কোন পার্থিব স্বার্থের দাবি, নেই কোন প্রলোভন।আছে শুধু মহাসত্যের আহ্বান ”হে লোক সকল। বলো থলা ইলাহা ইল্লাল্লাহ তবেই তোমরা সফলকাম “

কিন্তু সত্যের এই বাণীকে নরকের অগ্নিশিখায় ঝলসানো প্রেতাত্মারা মেনে নিতে পারেনি। তাইতো রাসুলের পিছু নিয়েছে এক অন্ধকার ছায়া। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে দিকেই যাচ্ছেন, সেও সে দিকেই ছুটছে। সত্যের সুমধুর বাণীর প্রতিটি শব্দকে সে ঢেকে দিতে চাইছে বিদ্বেষের চিৎকারে।

সে আর কেউ নয় -অভিশপ্ত আবু লাহাব।
কখনো পাথর ছুড়ে মারছে। কটু কথা বলে বলে বিরক্ত, উত্তক্ত করতে চাইছে। রাসুলের দাওয়াতের পথ রুদ্ধ করতে চাইছে।

পাথরের আঘাতে আঘাতে পবিত্র পা দুখানা রক্তাক্ত- ক্ষতবিক্ষত, তবু থেমে নেই সত্যের আহ্বান। রক্তাক্ত পায়ে হেঁটে হেঁটে মানুষকে ডাকছেন আলোর পথে। চিরশান্তি, চির মুক্তির পথে। এক আল্লাহর পথে।

আর পেছন থেকে আবু লাহাব চিৎকার করে বলছে -”তোমরা এ যুবকের কথা শুনো না! সে মিথ্যুক। “

একদিকে চিরসত্যের আহ্বান- “লা ইলাহা ইল্লাল্লাহ “
অপরদিকে মিথ্যার উন্মত্ত চিৎকার।
একদিকে দয়ার নবী, যিনি মানুষের মুক্তি চান ;অপরদিকে তারই আপন চাচা, সে মহাসত্য প্রত্যাখ্যান করেই শুধু খ্যান্ত নয় ;সত্যকে মিটিয়ে দিতেও মরিয়া।

কিন্তু সত্যের আলোক শিখা কি বিদ্বেষের ছাই দিয়ে চাপা দেওয়া যায়? সত্যের অবিচল পাহাড় কি মিথ্যার দমকা হাওয়ায় টলিয়ে দেওয়া যায়? রক্তাক্ত পদযুগলে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থামেন নি।থামেনি তার কন্ঠস্বর। থামেনি সত্যের আহ্বান।
কারণ তিনি জানতেন -মানুষের বিদ্বেষ অহংকার ক্ষণস্থায়ী কিন্তু লা ইলাহা ইল্লাল্লাহ এর আহ্বান শাশ্বত- চিরন্তন।

সুজন হাওলাদার জাকির

### রাসুল সা.



মরুর ঐ উষ্ণ পাড়ে,
মা আমিনার উদর জুড়ে
এসেছেন রাসুল (সা.),
মক্কার ঐ কোরাইশ ঘরে।

বাবা যার আবদুল্লাহ,
দাদা আবদুল মুত্তালিব;
সোহাগ আর আদর দিয়ে
বুকে রাখলেন চাচা আবু তালিব।

আল-আমিন নামে ভূষিত যিনি,
ছিলেন ন্যায়ের প্রতীক;
সাদিক আর আমানতে
ছিলেন প্রিয় ধার্মিক।

বাণীতে তাঁর মধু ছিল,
দৃষ্টিতে ছিল মায়া;
ভালোবাসায় ছিল ফুলের সুবাস,
আদর্শে ছিল রহমতের ছায়া।



হেরা গুহায় ধ্যানে ছিলেন
আল্লাহকে পাওয়ার লাগি;
হাজির হলেন জিবরাইল (আ.),
নিয়ে ওহির বাণী।

পড়তে বললেন প্রভুর নামে,
যিনি করেছেন তাঁরে সৃষ্টি;
ভয়ে ভরা হৃদয় নিয়ে
আসমানে রাখলেন দৃষ্টি।

ওহির দ্বার খুলে গেল,
পেলেন রিসালাতের ভার;
তাওহীদের বাণী আঁকড়ে ধরে
হলেন খোদার ম্যাসেঞ্জার।



# মহিষ ডাকাতির প্রস্তুতি অস্ত্র-গুলিসহ আটক ৪

**দৌলতখান প্রতিনিধি**
ভোলার দৌলতখান উপজেলার চরনিয়ামতপুর এলাকায় মহিষ ডাকাতির প্রস্তুতিকালে আগ্নেয়াস্ত্র, গুলি ও দেশীয় অস্ত্রসহ চারজনকে আটক করেছে কোস্ট গার্ড। এ সময় তাদের কাছ থেকে দুটি দেশীয় আগ্নেয়াস্ত্র, দুই রাউন্ড তাজা ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ১১ সেপ্টেম্বর ২০২৬ ॥ ২৮ ভাদ্র ১৪৩৩

# বরিশালে পুলিশ সদস্যের স্ত্রীর ঝুলন্ত মরদেহ উদ্ধার

**কীর্তনখোলা রিপোর্ট**
বরিশাল নগরীতে ভাড়া বাসায় ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় এক পুলিশ সদস্যের স্ত্রীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বুধবার (০৯ সেপ্টেম্বর) রাত দেড়টার দিকে নগরীর ২২ নম্বর ওয়ার্ডের জিয়া সড়ক নতুন রাস্তা এলাকার বাসা ৩ এর পাতায় দেখুন

# লুট হওয়া অস্ত্র উদ্ধারে ২ লাখ টাকা পুরস্কার ঘোষণা

**কীর্তনখোলা রিপোর্ট**
গণঅভ্যুত্থানের সময় ২০২৪ সালের ৫ আগস্ট বিভিন্ন থানা ও সরকারি দপ্তর থেকে লুট হওয়া সরকারি অস্ত্র ও গোলাবারুদ উদ্ধারে বিশেষ অভিযান শুরু করেছে র‍্যাব। লুট হওয়া অস্ত্রের সন্ধান দিতে পারলে তথ্যদাতাকে সর্বোচ্চ ২ লাখ টাকা পর্যন্ত নগদ পুরস্কার দেওয়ার ঘোষণা দিয়েছে র‍্যাব-৮। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) দুপুরে র‍্যাব-৮-এর মিডিয়া সেল থেকে এ-সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি দেওয়া হয়। বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান র‍্যাব-৮-এর মিডিয়া অফিসার ও লেফটেন্যান্ট কমান্ডার মো. শাহরিয়ার রিফাত অভি। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০২৪ সালের ৫ আগস্ট দেশের উদ্ভূত পরিস্থিতিতে বিভিন্ন থানা ও সরকারি দপ্তর থেকে লুট হওয়া সরকারি অস্ত্র ও গোলাবারুদ উদ্ধারে ২ এর পাতায় দেখুন

# বরিশাল শিক্ষাবোর্ড: এসএসসি পরীক্ষার খাতা চ্যালেঞ্জে জিপিএ-৫ পেল ১১২ শিক্ষার্থী

**কীর্তনখোলা রিপোর্ট**
বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার খাতা চ্যালেঞ্জে জিপিএ-৫ পেয়েছে ১১২ শিক্ষার্থী। এছাড়াও ফেল থেকে পাস করেছে ৭৯ জন। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক শরীফ মোর্শেদ রেজা বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, ১৭ হাজার ২৮৩ এসএসসি পরীক্ষার্থী পুনঃনিরীক্ষণের জন্য ৫০ হাজার ২৯৩টি আবেদন করেছিলেন। বৃহস্পতিবার এসএসসি ও সমমান পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। তিনি জানান, পুনঃনিরীক্ষণে ৭৯ পরীক্ষার্থী ফেল থেকে পাস করেছে, জিপিএ-৫ পেয়েছেন ১১২ জন, গ্রেড পয়েন্টের পরিবর্তন হয়েছে ১ হাজার ২ এর পাতায় দেখুন



# মঠবাড়িয়ায় রাতে বিএনপি কার্যালয়ে ভাঙচুর, দুটি ককটেল উদ্ধার

**মঠবাড়িয়ায় প্রতিনিধি**
পিরোজপুরের মঠবাড়িয়া সদর ইউনিয়নের মিঠাখালী আলম বাজারে বিএনপির কার্যালয়ের শাটারের তালা ভেঙে ভাঙচুরের অভিযোগ উঠেছে। বুধবার (৯ সেপ্টেম্বর) দিবাগত রাতে এ ঘটনা ঘটে। এ সময় কার্যালয়ে থাকা কয়েকটি প্লাস্টিকের চেয়ার ও একটি এলইডি টেলিভিশন ভাঙচুর করা হয়। একই সঙ্গে বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া এবং প্রধানমন্ত্রী তারেক রহমানের ছবি নিয়ে যাওয়ার অভিযোগ পাওয়া গেছে। স্থানীয় সূত্রে জানা যায়, গত রাতে অজ্ঞাতনামা ব্যক্তিরা কার্যালয়ের শাটারের তালা ভেঙে ভেতরে প্রবেশ করে ভাঙচুর চালায়। ভাঙচুরের শব্দ শুনে আশপাশের লোকজন এগিয়ে এলে তারা ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। খবর পেয়ে রাতেই মঠবাড়িয়া থানা-পুলিশ ঘটনাস্থলে যায়। সেখান থেকে দুটি ভাঙা প্লাস্টিকের চেয়ার, একটি ভাঙা এলইডি টেলিভিশন, একটি তালা এবং লাল কস্টেপ দিয়ে মোড়ানো দুটি অবিস্ফোরিত ককটেল উদ্ধার করা হয়। এ ব্যাপারে পৌর বিএনপির সভাপতি জসিম উদ্দিন ফরাজী বলেন, রাতে আমরা ঘটনাটি জানতে পেরেছি। পরে প্রশাসনকে ২ এর পাতায় দেখুন



# ইয়াবাকাণ্ডে যুবদল নেতা গ্রেফতার, বিক্রেতার কারাদণ্ড

**আমতলী প্রতিনিধি**
বরগুনার আমতলীতে উপজেলার যুবদলের যুগ্ম আহবায়ক আড়পাঙ্গাশিয়া ইউনিয়ন স্বাম্ভব্য চেয়ারম্যান প্রার্থী মোঃ নাজমুল হাওলাদার ও হুমায়ুন কবিরকে ২২ পিস ইয়াবা ট্যাবলেটসহ গ্রেফতার করেছে আমতলী থানা পুলিশ। বুধবার বিকেলে আমতলী সিনিয়ার জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এক বছরের কারাদণ্ড দেন। জানাগেছে, আমতলী উপজেলা যুবদল যুগ্ম আহবায়ক আড়পাঙ্গাশিয়া ইউনিয়ন স্বাম্ভব্য চেয়ারম্যান প্রার্থী মোঃ নাজমুল ইসলাম দীর্ঘদিন ধরে মাদকদ্রব্য সেবক করে আসছেন। গত মঙ্গলবার বিকেলে নাজমুল হাওলাদার মাদব বিক্রেতা মোঃ হুমায়ুন কবিরের বাসায় মাদক সেবন করছিল। গোপন সংবাদের ভিত্তিতে আমতলী থানা পুলিশ হাসপাতাল সড়কের হুমায়ুন কবিরের বাসায় অভিযান চালায়। ওই সময় যুবদল নেতা নাজমুল ইসলাম ও হুমায়ুনকে ইয়াবা ট্যাবলেট সেবনরত অবস্থায় গ্রেফতার করে। ২ এর পাতায় দেখুন




# ভাঙ্গারি ব্যবসায়ীকে জিম্মি করে টাকা হাতিয়ে নেয়ার অভিযোগে গ্রেফতার ২

**ভাণ্ডারিয়া প্রতিনিধি**
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় ভাঙ্গারি মালামাল কেনার কথা বলে এক ভাঙ্গারি ব্যবসায়ীকে ডেকে নিয়ে জিম্মি করে মারধর, ভয়ভীতি প্রদর্শন এবং ব্যাংক ও মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ৩ লাখ ২৩ হাজার ৬০০ টাকা ও একটি স্মার্টফোন হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে একটি চক্রের বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী ব্যবসায়ী আছাদুল ইসলাম (৩৫) বাদি হয়ে ভাণ্ডারিয়া থানায় একটি প্রতারণা মামলা দায়ের করেন। সে বাগেরহাট জেলার কচুয়া উপজেলার শিরোখালী গ্রামের আশ্রাব আলীর ছেলে এবং পেশায় একজন ভাঙ্গারি ব্যবসায়ী। মামলার পর মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) রাতে পুলিশ উপজেলার ৫নম্বর ধাওয়া ইউনিয়ন থেকে মো. সোহাগ মৃধা এবং মো. সোহাগ হাওলাদারকে গ্রেফতার করে পিরোজপুর কোর্টের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করে। লিখিত অভিযোগ এবং ভুক্তভোগী আছাদুল ইসলাম স্থানীয় সাংবাদিকদের জানান, গত ২ সেপ্টেম্বর সকাল ১১টার দিকে ভাঙ্গারি মালামাল কেনার উদ্দেশ্যে সুমন নামের এক ব্যবসায়ীর সঙ্গে দেখা করতে ভাণ্ডারিয়া ২ এর পাতায় দেখুন

# বঙ্গোপসাগরে লঘুচাপ, পায়রাসহ ৪ বন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

**কীর্তনখোলা রিপোর্ট**
উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উপকূলীয় এলাকায় লঘুচাপ সৃষ্টি হয়েছে। এর প্রভাবে পটুয়াখালীর কুয়াকাটা সংলগ্ন বঙ্গোপসাগর উত্তাল হয়ে উঠেছে। সমুদ্রতীরে বড় বড় ঢেউ আছড়ে পড়ছে। উপকূলের আকাশও ঘন মেঘাচ্ছন্ন রয়েছে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সকাল থেকে পটুয়াখালীর বিভিন্ন এলাকায় গুঁড়ি গুঁড়ি থেকে মাঝারি বৃষ্টি হচ্ছে। বেড়েছে বাতাসের চাপও। আবহাওয়া অফিস সূত্রে জানা গেছে, লঘুচাপের প্রভাবে উপকূলীয় এলাকায় দমকা বা ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। এ কারণে পটুয়াখালীর পায়রা, চট্টগ্রাম, কক্সবাজার ও মোংলা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সব মাছ ধরার ট্রলারকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। তবে মৎস্য সংশ্লিষ্ট ব্যক্তিরা জানিয়েছেন, এখনো বেশির ভাগ ট্রলার গভীর সমুদ্র থেকে তীরে ফেরেনি। পটুয়াখালী জেলা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা মাহবুবা সুখী বলেন, "লঘুচাপের প্রভাবে উপকূলীয় এলাকায় বৃষ্টিপাতের পরিমাণ বাড়তে পারে। সেই সঙ্গে দমকা বা ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।"



# সরকারি খাল ভরাট করে বাগানবাড়ি, তদন্তে ইউএনও

**রাজাপুর প্রতিনিধি**
ঝালকাঠির রাজাপুরে সরকারি খাল মাটি দিয়ে ভরাট করে দখল ও স্থাপনা নির্মাণের অভিযোগের সত্যতা পেয়েছে উপজেলা প্রশাসন। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) দুপুরে নকশা ও সার্ভেয়ার নিয়ে ঘটনাস্থলে গিয়ে সরেজমিন তদন্ত করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রিফাত আরা মৌরি। অভিযোগে জানা গেছে, উপজেলার সাতুরিয়া ইউনিয়নে সরকারি খালের পশ্চিমাংশ মাটি দিয়ে ভরাট করে দখল করা হয়েছে। ভরাট করা অংশে পাকা দালান নির্মাণ, গাছপালা লাগিয়ে বাগান ও বসতবাড়ি তৈরি করা হয়েছে বলে অভিযোগে উল্লেখ করা হয়। এ ঘটনায় খালটি দখলমুক্ত করে পুনঃখননের দাবিতে ২৫ এপ্রিল জেলা প্রশাসকের কাছে লিখিত আবেদন করে ছিলেন সাতুরিয়া ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য মো. আনোয়ার হোসেন খন্দকার। আবেদনে বলা হয়, খালের পশ্চিমাংশ স্থানীয় মো. মোস্তফা খলিফার বাড়ির সীমানা পর্যন্ত বিস্তৃত। খলিফা বাড়ির নুরাণী মাদরাসার দক্ষিণ পাশে থাকা খালের ওই অংশ মাটি দিয়ে ভরাট ২ এর পাতায় দেখুন

# চরফ্যাশনে গায়েবি উপাধ্যক্ষ নিয়োগবাণিজ্যের অভিযোগ

**চরফ্যাশন প্রতিনিধি**
চরফ্যাশন উপজেলার দক্ষিণ চরআইচা রাব্বানিয়া আলিম মাদ্রাসায় ১৫ লাখ টাকার বিনিময়ে গায়েবী উপাধ্যক্ষ নিয়োগ বানিজ্যের অভিযোগ উঠেছে মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে। মোটা অংকের টাকার বিনিময়ে মাদ্রাসা অধিদপ্তর ও কমিটির স্বাক্ষর জাল জালিয়াতি করে মাদ্রাসার অধ্যক্ষ ও দক্ষিণ আইচা থানার বিএনপি সহ-সভাপতি মাওলানা আবুল বাশার হেলালী গায়েবীভাবে চলতি বছরের মে মাসে এ উপাধ্যক্ষকে এমপিও ভুক্তি করেছেন মর্মে অভিযোগ উঠে। এই ঘটনায় উপাধ্যক্ষের এমপিও বাতিল ও অধ্যক্ষের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়ার জন্য মাদ্রাসা অধিদপ্তরে লিখিত অভিযোগ করেন ওই মাদ্রাসার শিক্ষক/কর্মচারীবৃন্দ। অভিযোগসূত্রে জানা যায়, মাদ্রাসার কমিটির সদস্যদের স্বাক্ষর জাল জালিয়াতি, মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধির স্বাক্ষর জাল জালিয়াতি করে ঢালচর মাদরাসায় কর্মরত সহ-সুপার জাকির হোসেনকে উপাধ্যক্ষ পদে নিয়োগ দেখিয়ে নিয়োগ ফাইল সৃজন করে মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমে চলতি মে মাসের এমপিওতে তাকে এমপিওভুক্তি করেছেন মাদরাসাটির অধ্যক্ষ আবুল বশার হেলালি। মাদরাসা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত মে/ ২০২৬ এর এমপিও পর্যালোচনায় দেখা যায়, উপজেলার ঢালচর ইসলামিয়া দাখিল মাদ্রাসার কর্মরত সহ- সুপার জাকির হোসেন মাদ্রাসা ২ এর পাতায় দেখুন





# হিজলায় ১৮ বছর পলাতক যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

**হিজলা প্রতিনিধি**
বরিশালের হিজলা থানা পুলিশের বিশেষ অভিযানে হত্যা মামলায় যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ১ বছরের সশ্রম কারাদণ্ডপ্রাপ্ত দীর্ঘদিনের পলাতক আসামি মোঃ জাহাঙ্গীর হাওলাদারকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃত জাহাঙ্গীর হিজলা উপজেলার খাগেরচর গ্রামের হোসেনের ছেলে। তিনি দীর্ঘ ১৮ বছর ধরে পলাতক ছিলেন।হিজলা থানার অফিসার ইনচার্জ (ওসি) সুলাইমানের নেতৃত্বে পুলিশের বিশেষ অভিযানে তাকে গ্রেফতার করা হয়। পরে আইনগত প্রক্রিয়া শেষে তাকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে। পুলিশ জানায়, হত্যা মামলায় আদালতের দেওয়া সাজা কার্যকর করার লক্ষ্যে দীর্ঘদিন ধরে পলাতক আসামিকে গ্রেফতারে অভিযান চালানো হচ্ছিল। অবশেষে পুলিশের বিশেষ অভিযানে তাকে গ্রেপ্তার করা সম্ভব হয়। হিজলা থানার ওসি সুলাইমান জানান, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ২ এর পাতায় দেখুন




গৌরনদীতে শিক্ষার্থীদের নিয়ে 'স্টুডেন্টস কমিউনিটি পুলিশিং' সভা -কীর্তনখোলা

# গৌরনদীতে শিক্ষার্থীদের নিয়ে 'স্টুডেন্টস কমিউনিটি পুলিশিং' সভা

**গৌরনদী প্রতিনিধি**
বরিশালের গৌরনদীতে শিক্ষার্থীদের নিয়ে 'স্টুডেন্টস কমিউনিটি পুলিশিং' সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সকাল ১১টায় উপজেলার মাহিলাড়া অনন্ত নারায়ণ মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে এ সভার আয়োজন করে গৌরনদী মডেল থানা পুলিশ। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. তারিক হাসান রাসেল। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে দিকনির্দেশনামূলক বক্তব্য দেন। এ সময় মাদক, বাল্যবিবাহ, ইভটিজিং ২ এর পাতায় দেখুন















প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com